ওয়া রুসুলিহী। লা নুফাররিকু বাইনা আহাদিম মির রুসুলিহী। ওয়া কালূ সামি'না ওয়া আতা'না গুফ্‌রানাকা রব্বানা ওয়া ইলাইকাল মাসীর। লা ইয়ুকাল্লিফুল্লাহু নাফ্‌সান ইল্লা উস্‌আহা লাহা মা কাসাবাত ওয়া 'আলাইহা মাক্‌তাসাবাত রব্বানা লা তুআখিয্‌না ইন নাসীনা আও আখ্‌তা'না রব্বানা। ওয়ালা তাহমিল 'আলাইনা ইসরান কামা হামালতাহু 'আলাল্লাযীনা মিন কাবলিনা। রব্বানা ওয়ালা তুহাম্মিলনা মা লা তাকাতা লানা বিহী। ওয়া'ফু 'আন্না ওয়াগ্‌ফির লানা ওয়ারহামনা আনতা মাওলানা ফানসুরনা 'আলাল কাওমিল কাফিরীন)।

www.pathagar.com

(১০৪) “রাসূল ঈমান এনেছেন যা তার প্রভুর পক্ষ থেকে তাঁর কাছে নাযিল হয়েছে এবং মু'মিনরাও। সবাই ঈমান আনে আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাগণের প্রতি, তাঁর কিতাবসমূহে এবং তাঁর রাসূলগণের প্রতি। (তারা বলে,) আমরা তাঁর রাসূলগণের মধ্যে কোনো তারতম্য করি না। তারা আরো বলে, আমরা শুনেছি ও মান্য করেছি। হে আমাদের প্রভু! আমরা তোমার কাছে ক্ষমা প্রার্থনা করি, আর তোমারই দিকে আমাদের প্রত্যাবর্তন। আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোনো কাজের ভার দেন না। সে তাই পায় ভালো যা উপার্জন করে এবং তার উপর বর্তায়

www.pathagar.com

খারাপ যা সে করে। হে আমাদের প্রভু! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তাহলে আমাদের প্রভু! আমাদের উপর এমন দায়িত্বভার অর্পণ করো না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর অর্পণ করেছো। হে আমাদের প্রভু! আমাদের উপর এমন বোঝা চাপিও না যা বহন করার সামর্থ্য আমাদের নেই। তুমি আমাদের পাপ মোচন করো, আমাদের ক্ষমা করো এবং আমাদের দয়া করো। তুমিই আমাদের অভিভাবক। অতএব তুমি কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদের সাহায্য করো"।

(১০৫) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লাম বলেন ঃ 'তোমাদের কোনো ব্যক্তি তার বিছানা ত্যাগ করলো, আবার ঘুমাতে ফিরে এলো সে যেনো তার লুঙ্গির আঁচল দিয়ে তিনবার বিছানাটি ঝেড়ে নেয়। কেনোনা সে জানে না যে, তার চলে যাবার পর এতে কী পতিত হয়েছে। তারপর সে যখন শোয় তখন যেনো বলে ঃ

بِاسْمِكَ رَبِّىْ وَضَعْتُ جَنْبِىْ وَبِكَ أَرْفَعُهُ فَإِنْ أَمْسَكْتَ نَفْسِىْ فَارْحَمْهَا وَإِنْ أَرْسَلْتَهَا فَاحْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ عِبَادَكَ الصَّالِحِيْنَ.

www.pathagar.com

(বিইস্‌মিকা রব্বী ওয়াদা'তু জাম্‌বী ওয়া বিকা আরফা'উহু। ফাইন্‌ আমসাক্‌তা নাফ্‌সী ফার্‌হামহা ওয়াইন আরসাল্‌তাহা ফাহ্‌ফাযহা বিমা তাহ্‌ফাযু বিহী 'ইবাদাকাস সালিহীন)।

(১০৬) "প্রভু! তোমার নামে আমি আমার পার্শ্বদেশ বিছানায় রেখেছি (আমি শুয়েছি) এবং তোমারই নাম নিয়ে আমি তাকে উঠাবো (বিছানা ত্যাগ করবো)। যদি তুমি (আমার ঘুমন্ত অবস্থায়) আমার প্রাণ হরণ করো, তবে তুমি তার প্রতি দয়া করো এবং যদি তাকে ছেড়ে দাও (জীবিত রাখো) তাহলে তুমি তার হেফাযত করো

www.pathagar.com

যেমনভাবে তুমি তোমার সৎকর্মশীল বান্দাগণকে হেফাযত করে থাকো” (বুখারী-ফাতহুল বারী ১১/১২৬, মুসলিম ৪/২০৮৪)।

اَللّٰهُمَّ إِنَّكَ خَلَقْتَ نَفْسِي وَأَنْتَ تَوَفَّاهَا لَكَ مَمَاتُهَا وَمَحْيَاهَا إِنْ أَحْيَيْتَهَا فَاحْفَظْهَا وَإِنْ أَمَتَّهَا فَاغْفِرْ لَهَا. اَللّٰهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ.

(আল্লাহুম্মা ইন্নাকা খালাক্‌তা নাফ্‌সী ওয়া আন্‌তা তাওয়াফ্‌ফাহা। লাকা মামাতুহা ওয়া মাহ্‌য়াহা। ইন্‌ আহ্‌ইয়াইতাহা ফাহ্‌ফায্‌হা

www.pathagar.com

ওয়াইন্ আমাত্তাহা ফাগফির লাহা। আল্লাহুম্মা ইন্নী আস্আলুকাল 'আফিয়াতা)।

(১০৭) "হে আল্লাহ! নিশ্চয়ই তুমি আমার আত্মাকে সৃষ্টি করেছো এবং তুমি তার মৃত্যু ঘটাবে। অতএব তার জীবন ও মরণ যেনো একমাত্র তোমার জন্য হয়। যদি তাকে বাঁচিয়ে রাখো তাহলে তুমি তার হেফাযত করো আর যদি তার মৃত্যু ঘটাও তবে তাকে মাফ করে দিও। হে আল্লাহ! আমি তোমার কাছে নিরাপত্তা চাই" (মুসলিম-৪/২০৮৩, আহমাদ-২/৭৯)।

(১০৮) নবী করীম (সা) যখন ঘুমানোর ইচ্ছা করতেন তখন তাঁর ডান হাত তাঁর গালের নীচে রাখতেন, তারপর তিনবার বলতেন ঃ

www.pathagar.com

اَللّٰهُمَّ قِنِيْ عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ.

(আল্লাহুম্মা কিনী 'আযাবাকা ইয়াওমা তাব'আছু 'ইবাদাকা)।

(১০৯) "হে আল্লাহ! আমাকে তোমার আযাব থেকে রক্ষা করো যেদিন তুমি তোমার বান্দাদেরকে পুনর্জীবিত করবে" (আবু দাউদ-৪/৩১১, তিরমিযী-৩/১৪৩)।

৩৩. শয়ন করার দু'আ

اَللّٰهُمَّ بِاسْمِكَ أَمُوْتُ وَأَحْيَا.

(আল্লাহুম্মা বিস্‌মিকা আমূতু ওয়া আহ্‌ইয়া)।

(১১০) "হে আল্লাহ! তোমার নাম নিয়েই

www.pathagar.com

আমি শয়ন করছি এবং তোমার নাম নিয়েই জীবিত উঠবো” (বুখারী-ফাতহুল বারী-১১/১১৩, মুসলিম-৪/২০৮৩)।

(১১১) রাসূলুল্লাহ (সা) আলী (রা) এবং ফাতেমা (রা)-কে বলেন ঃ আমি কি তোমাদেরকে এমন কিছু বলে দিবো না যা তোমাদের জন্য খাদেম অপেক্ষাও উত্তম হবে? যখন তোমরা তোমাদের বিছানায় যাবে, তখন তোমরা দু'জনে ৩৩ বার 'সুবহানাল্লাহ' ৩৩ বার 'আল্‌হামদু লিল্লাহ' এবং ৩৪ বার 'আল্লাহু আকবার' বলবে। তা খাদেম অপেক্ষাও তোমাদের জন্য উত্তম হবে” (বুখারী-ফাতহুল বারী-৭/৭১, মুসলিম-৪/২০৯১)।

www.pathagar.com

اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوَاتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ فَالِقَ الْحَبِّ وَالنَّوٰى وَمُنَزِّلَ التَّوْرَاةِ وَالْاِنْجِيْلِ وَالْفُرْقَانِ. أَعُوْذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ أَنْتَ اٰخِذٌ بِنَاصِيَتِهٖ. اَللّٰهُمَّ أَنْتَ الْاَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ وَأَنْتَ الْاٰخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ

www.pathagar.com

فَلَيْسَ دُوْنَكَ شَيْءٌ. اِقْضِ عَنَّا الدَّيْنَ

وَأَغْنِنَا مِنَ الْفَقْرِ.

(আল্লাহুম্মা রব্বাস্ সামাওয়াতিস্ সাব্‘ই ওয়া রব্বাল ‘আরশিল ‘আযীম রব্বানা ওয়া রব্বা কুল্লি শায়ইন্ ফালিকাল হাব্বি ওয়ান্-নাওয়া ওয়া মুনায্যিলাত্-তাওরাতি ওয়াল ইন্জীলি ওয়াল ফুরকান। আ‘উযু বিকা মিন শাররি কুল্লি শায়ইন্ আনতা আখিযুম-বিনাসিয়াতিহি। আল্লাহুম্মা আনতাল আওয়ালু ফালাইসা কাবলাকা শায়উন। ওয়া আনতাল আখিরু ফালাইসা বা‘দাকা শায়উন ওয়া আনতায যহিরু ফালাইসা ফাওকাকা

www.pathagar.com

শায়উন ওয়া আনতাল বাতিনু ফালাইসা দূনাকা শায়উন। ইকদি 'আন্নাদ্-দাইনা ওয়া আগনিনা মিনাল ফাকরি)।

(১১২) হে আল্লাহ! তুমি সপ্ত আকাশের প্রভু, মহা মহীয়ান আরশের প্রভু এবং প্রত্যেক বস্তুর প্রভু। হে আল্লাহ! তুমিই বীজ ও আঁটি বিদীর্ণ করে চারা ও বৃক্ষের উদ্ভব ঘটাও। তাওরাত, ইনজীল ও কুরআনের নাযিলকারী তুমি! আমি প্রত্যেক বস্তুর অনিষ্ট থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করি। তোমার হাতে রয়েছে সকল বস্তুর নিয়ন্ত্রণ। হে আল্লাহ! তুমি অনাদি, তোমার পূর্বে কোনো কিছুরই অস্তিত্ব ছিলো না; তুমি

www.pathagar.com

অনন্ত, তোমার পরে কোনো কিছুই থাকবে না; তুমি প্রকাশমান, তোমার উপরে কিছুই নেই। তুমি অপ্রকাশ্য, তোমার চেয়ে নিকটবর্তী কিছু নেই প্রভু! তুমি আমাদের সমস্ত ঋণ পরিশোধ করে দাও এবং আমাদেরকে দারিদ্র্যতা থেকে মুক্তি দাও" (মুসলিম-৪/২০৮৪)।

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ أَطْعَمَنَا وَسَقَانَا وَكَفَانَا وَآوَانَا فَكَمْ مِمَّنْ لاَ كَافِىَ لَهُ وَلاَ مُؤْوِىَ.

(আল্‌হামদু লিল্লাহিল্লাযী আত'আমানা ওয়া

www.pathagar.com

সাকানা ওয়া কাফানা ওয়া আওয়ানা ফাকাম্ মিম্মান লা কাফিয়া লাহু ওয়ালা মু'বিয়া)।

(১১৩) "সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি আমাদেরকে আহার করিয়েছেন, পান করিয়েছেন, আমাদের প্রয়োজন পূর্ণ করেছেন এবং আমাদেরকে আশ্রয় দিয়েছেন। এমন বহু লোক আছে যাদের পরিতৃপ্ত হওয়ার ব্যবস্থা নেই এবং যাদের আশ্রয়ও নেই" (মুসলিম-৪/২০৮৫)।

(১১৪) নবী করীম (সা) সূরা সাজদা এবং সূরা মুলক না পড়ে ঘুমাতেন না (তিরমিযী, নাসাঈ)।

(১১৫) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লাম বলেন ঃ যখন তুমি ঘুমাতে তোমার বিছানায় যাবে তখন নামাযের উযূর ন্যায় উযূ করো, তারপর তোমার ডান দিকে কাত হয়ে শুয়ে নিচের দু'আ পাঠ করো ঃ

اَللّٰهُمَّ أَسْلَمْتُ نَفْسِىْ إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِىْ إِلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِىَ إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِىْ إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لاَ مَلْجَأَ وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيْكَ اٰمَنْتُ بِكِتَابِكَ الَّذِىْ أَنْزَلْتَ وَبِنَبِيِّكَ الَّذِىْ أَرْسَلْتَ.

www.pathagar.com

(আল্লাহুম্মা আস্‌লামতু নাফ্‌সী ইলাইকা ওয়া ফাওয়ায়াদতু আমরী ইলাইকা ওয়া ওয়াজ্জাহ্‌তু ওয়াজহিয়া ইলাইকা ওয়াআলজা'তু যাহ্‌রী ইলাইকা রাগ্‌বাতান ওয়া রাহ্‌বাতান ইলাইকা। লা মালজাআ ওয়ালা মান্‌জা মিনকা ইল্লা ইলাইকা। আমানতু বিকিতাবিকাল্লাযী আনযালতা ওয়াবিনাবিয়্যিকাল্লাযী আরসালতা)।

(১১৬) "হে আল্লাহ! আমি নিজেকে তোমার কাছে সঁপে দিলাম। আমার সমস্ত কাজ তোমার কাছে সোপর্দ করলাম। আমার মুখমণ্ডল তোমার দিকে ফিরিয়ে দিলাম। আমার পৃষ্ঠদেশকে তোমার দিকেই

www.pathagar.com

ঝুঁকিয়ে দিলাম। আর এ সবই করলাম তোমার রহমতের আশায় এবং তোমার শাস্তির ভয়ে। কোনো আশ্রয় নেই এবং মুক্তির কোনো উপায় নেই একমাত্র তোমার আশ্রয় এবং উপায় ছাড়া। আমি ঈমান এনেছি তোমার নাযিলকৃত কিতাবের উপর এবং তোমার প্রেরিত নবীর উপর"।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যদি তুমি ঐ রাতে মারা যাও তবে দীন ইসলামের উপর মারা গেলে (বুখারী-ফাতহুল বারী-১১/১১৩, মুসলিম-৪/২০৮১)।

৩৪. বিছানায় পার্শ্ব পরিবর্তনের দু'আ

(১১৭) আয়েশা (রা) বলেন, রাসূলুল্লাহ

www.pathagar.com

(সা) যখন বিছানায় পার্শ্ব পরিবর্তন করতেন তখন বলতেন ঃ

لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ رَبُّ السَّمٰوَاتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيْزُ الْغَفَّارُ.

(লা ইলাহা ইল্লাল্লাহুল ওয়াহিদুল কাহ্হারু রব্বুস্ সামাওয়াতি ওয়াল-আরদি ওয়ামা বাইনাহুমাল-'আযীযুল গাফফার)।

(১১৮) "মহাপরাক্রমশালী এক আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ নেই। তিনি আকাশসমূহ ও পৃথিবী এবং এ দু'য়ের

www.pathagar.com

মধ্যস্থিত সবকিছুর প্রভু। তিনি মহাপরাক্রমশালী পরম ক্ষমাশীল” (হাকেম, নাসাঈ)।

৩৫. ঘুমন্ত অবস্থায় ভয় পেলে নিম্নোক্ত দু‘আ পড়বে

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ غَضَبِهِ وَعِقَابِهِ وَشَرِّ عِبَادِهِ وَمِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَنْ يَحْضُرُوْنَ.

(আ‘ঊযু বিকালিমাতিল্লাহিত্-তাম্মাতি মিন্ গাদাবিহি ওয়া ইকাবিহি ওয়া শাররি ‘ইবাদিহি ওয়ামিন হামাযাতিশ্-শাইয়াতীনি ওয়া আন ইয়াহ্দুরূন)।

www.pathagar.com

(১১৯) "আমি আশ্রয় চাই আল্লাহর পরিপূর্ণ কালামসমূহের মাধ্যমে তাঁর অসন্তুষ্টি থেকে, তাঁর শাস্তি থেকে, তাঁর বান্দাদের অনিষ্ট থেকে, শয়তানদের কুমন্ত্রণা থেকে এবং ওদের উপস্থিতি থেকে" (আবু দাউদ-৪/১২, তিরমিযী-৩/১৭১)।

৩৬. স্বপ্ন দেখে যা বলবে

(১২০) নবী (সা) বলেন, উত্তম স্বপ্ন আল্লাহর পক্ষ থেকে। অতএব তোমাদের কেউ স্বপ্নে ভালো কিছু দেখলে সে যেনো তা তার প্রিয় ব্যক্তি ছাড়া আর কারো কাছে না বলে। আর সে স্বপ্নে খারাপ কিছু দেখলে তা যেনো কারো কাছে না বলে। বরং তার বাম

www.pathagar.com

দিকে তিনবার থুথু নিক্ষেপ করে অভিশপ্ত শয়তান থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা করে এবং আরো আশ্রয় প্রার্থনা করে ঐ অনিষ্ট থেকে যা সে দেখেছে (তিনবার)। অতঃপর যে কাতে সে ঘুমিয়েছিল তা পরিবর্তন করে" (মুসলিম-৪/১৭৭২, ১৭৭৩, বুখারী-৭/২৪)

৩৭. কুনূতে নাযেলা

اَللّٰهُمَّ اغْفِرْ لَنَا وَلِلْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ وَاَلِّفْ بَيْنَ قُلُوْبِهِمْ وَاَصْلِحْ ذَاتَ بَيْنِهِمْ وَانْصُرْهُمْ عَلٰى عَدُوِّكَ وَعَدُوِّهِمْ. اَللّٰهُمَّ

www.pathagar.com

الْعَنِ الْكَفَرَةَ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ وَيُقَاتِلُوْنَ اَوْلِيَائِكَ. اَللّٰهُمَّ خَالِفْ بَيْنَ كَلِمَاتِهِمْ وَزَلْزِلْ اَقْدَامَهُمْ وَاَنْزِلْ عَلَيْهِمْ جُنُوْدَكَ الَّذِىْ لاَ تَرُدُّهُ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِيْنَ.

(আল্লাহুম্মাগ্‌ফির লানা ওয়া লিল-মু'মিনীনা ওয়াল-মু'মিনাতি ওয়াল-মুসলিমীনা ওয়াল-মুসলিমাতি। ওয়া আল্লিফ বাইনা কুলূবিহিম ওয়া আসলিহ্ যাতা বাইনিহিম। ওয়ান্‌সুরহুম 'আলা আদুব্বিকা ওয়া আদুব্বিহিম। আল্লাহুম্মাল্‌আনিল কাফারা

www.pathagar.com

তাল্লাযীনা ইয়াসুদ্দূনা 'আন সাবীলিকা ওয়া ইউকায্যিবূনা রুসুলাকা ওয়া ইউকাতিলূনা আওলিয়াআকা। আল্লাহুম্মা খালিফ বাইনা কালিমাতিহিম ওয়া যালযিল আকদামাহুম ওয়া আনযিল 'আলাইহিম জুনূদাকাল্লাযী লা তারুদ্দুহু 'আনিল কাওমিল মুজরিমীন)।

(১২১) "হে আল্লাহ! আমাদেরকে, ঈমানদার পুরুষ ও নারীদেরকে, মুসলমান পুরুষ ও মুসলমান নারীদেরকে ক্ষমা করো, তাদের পরস্পরের অন্তরে ভালোবাসা পয়দা করো, তাদের মধ্যে সমঝোতা সৃষ্টি করো এবং তোমার শত্রু ও তাদের শত্রুদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করো। হে আল্লাহ! যেসব কাফের (লোকজনকে)

www.pathagar.com

তোমার পথে (আসতে) বাধা দেয়, তোমার নবীদের প্রত্যাখ্যান করে মিথ্যাবাদী বলে এবং তোমার প্রিয়পাত্রদের হত্যা করে তাদেরকে তুমি অভিশপ্ত করো। হে আল্লাহ! তুমি তাদের পরস্পরের মধ্যে কথাবার্তায় বিরোধ-বিভক্তি সৃষ্টি করে দাও, তাদের পদক্ষেপসমূহ বিশৃংখল করে দাও এবং তাদের বিরুদ্ধে তোমার সেনাবাহিনী পাঠাও যাদেরকে তুমি অপরাধী জাতি থেকে প্রত্যাহার করবে না"।

৩৮. দু'আ কুনূত

اَللّٰهُمَّ اهْدِنِيْ فِيْمَنْ هَدَيْتَ وَعَافِنِيْ

www.pathagar.com

فِيْمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِى فِيْمَنْ تَوَلَّيْتَ
وَبَارِكْ لِىْ فِيْمَا أَعْطَيْتَ وَقِنِى شَرَّ مَا
قَضَيْتَ فَإِنَّكَ تَقْضِىْ وَلاَ يُقْضٰى عَلَيْكَ
إِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَّالَيْتَ وَلاَ يَعِزُّ مَنْ
عَادَيْتَ تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ.

(আল্লাহুম্মাহ্দিনী ফীমান হাদাইতা ওয়া 'আফিনী ফীমান 'আফাইতা ওয়া তাওয়াল্লানী ফীমান তাওয়াল্লাইতা ওয়াবারিক লী ফীমা আ'তাইতা ওয়াকিনী শাররা মা কাদাইতা ফাইন্নাকা তাক্দী ওয়ালা ইয়ুক্দা 'আলাইকা। ইন্নাহু লা

www.pathagar.com

ইয়াযিল্লু মাও ওয়ালাইতা ওয়ালা ইয়া'ইয্যু মান 'আদাইতা। তাবারক্তা রব্বানা ওয়া তা'আলাইতা)।

(১২২) "হে আল্লাহ! তুমি যাদেরকে সত্যপথে পরিচালিত করেছো, আমাকে তাদের অন্তর্ভুক্ত করো, তুমি যাদের গুনাহ মুছে ফেলেছো আমাকে তাদের দলভুক্ত করো, তুমি যাদের অভিভাবকত্ব গ্রহণ করেছো আমাকে তাদের দলভুক্ত করো তুমি আমাকে যা দিয়েছো তাতে বরকত দাও। তুমি যে অমঙ্গল নির্দিষ্ট করেছো তা থেকে আমাকে রক্ষা করো। কারণ তুমিই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করো, তোমার বিপরীতে

www.pathagar.com

কেউই সিদ্ধান্ত দেয়ার নেই। তুমি যার অভিভাবকত্ব গ্রহণ করেছো সে অপমানিত হবে না এবং তুমি যার সাথে শত্রুতা করেছো সে সম্মানিত হতে পারে না। হে আমাদের প্রভু! তুমি বরকতপূর্ণ ও সুমহান" (আবু দাউদ, আহমাদ, দারা কুতনী, হাকেম, তিরমিযী-১/১৪৪, ইবনে মাজা-১/১৯৪)।

اَللّٰهُمَّ اِنَّا نَسْتَعِيْنُكَ وَنَسْتَغْفِرُكَ وَنُؤْمِنُ بِكَ. وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِىْ عَلَيْكَ الْخَيْرَ. وَنَشْكُرُكَ وَلاَ نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرُكُ مَنْ يَّفْجُرُكَ. اَللّٰهُمَّ اِيَّاكَ نَعْبُدُ

وَلَكَ نُصَلِّىْ. وَنَسْجُدُ وَاِلَيْكَ نَسْعٰى. وَنَحْفِدُ وَنَرْجُوْا رَحْمَتَكَ. وَنَخْشٰى عَذَابَكَ. اِنَّ عَذَابَكَ بِالْكُفَّارِ مُلْحِقٌ.

(আল্লাহুম্মা ইন্না নাসতাঈনুকা ওয়া নাসতাগফিরুকা ওয়ানু'মিনু বিকা ওয়া নাতাওয়াক্‌কালু 'আলাইকা ওয়া নুছনী 'আলাইকাল খাইর। ওয়া নাশকুরুকা ওয়ালা নাকফুরুকা ওয়ানাখলাউ ওয়ানাতরুকু মাইয়্যাফজুরুকা। আল্লাহুম্মা ইয়্যাকা না'বুদু ওয়ালাকা নুসাল্লী। ওয়ানাসজুদু ওয়া ইলাইকা নাস'আ। ওয়া নাহ্‌ফিদু ওয়া নারজু রহমাতাকা। ওয়া নাখশা 'আযাবাকা। ইন্না 'আযাবাকা বিলকুফ্‌ফারি মুলহিক)।

www.pathagar.com

(১২৩) "হে আল্লাহ! আমরা অবশ্যই তোমার কাছে সাহায্য চাই। তোমার কাছে ক্ষমা চাই, তোমার উপর ঈমান আনি, তোমার উপর ভরসা করি, তোমার উত্তম প্রশংসা করি। তোমাকে কৃতজ্ঞতা জানাই, তোমার প্রতি অকৃতজ্ঞ নই। যে তোমার নির্দেশ অমান্য করে পাপ কাজ করে আমরা তার সাথে সম্পর্ক ছিন্ন করি এবং তাকে ত্যাগ করি। হে আল্লাহ! আমরা তোমারই ইবাদত করি এবং তোমার জন্যই নামায পড়ি ও সিজদা করি এবং তোমার দিকে ধাবিত হই। আমরা উৎসাহ সহকারে তোমার আনুগত্য করি, তোমার করুণা

www.pathagar.com

লাভের আকাঙ্ক্ষা করি এবং তোমার শাস্তিকে ভয় করি। নিশ্চয়ই তোমার শাস্তি অবশ্যই কাফেরদের বেষ্টন করবেই" (বায়হাকী)।

৩৯. বিপদগ্রস্ত ও দুশ্চিন্তাগ্রস্ত ব্যক্তির দু'আ

اَللّٰهُمَّ إِنِّىْ عَبْدُكَ ابْنُ عَبْدِكَ ابْنُ أَمَتِكَ نَاصِيَتِىْ بِيَدِكَ مَاضٍ فِىَّ حُكْمُكَ عَدْلٌ فِىَّ قَضَاءُكَ أَسْأَلُكَ بِكُلِّ اِسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ أَوْ أَنْزَلْتَهُ فِىْ كِتَابِكَ أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِّنْ خَلْقِكَ أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِىْ عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ أَنْ تَجْعَلَ

www.pathagar.com

الْقُرْاٰنَ رَبِيْعَ قَلْبِىْ وَنُوْرَ صَدْرِىْ وَجَلاَءَ حُزْنِىْ وَذَهَابَ هَمِّىْ.

(আল্লাহুম্মা ইন্নী 'আবদুকা ইবনু 'আবদিকা ইবনু আমাতিকা, নাসিয়াতী বিয়াদিকা, মাদিন ফিয়্যা হুকমুকা, 'আদলুন ফিয়্যা কাদায়িকা, আসআলুকা বিকুল্লি ইসমিন্ হুয়া লাকা সাম্মাইতা বিহি নাফসাকা, আও আন্‌যালতাহু ফী কিতাবিকা আও 'আল্লামতাহু আহাদাম্-মিন খালকিকা আও ইস্‌তা'ছারতা বিহি ফী 'ইলমিল গাইবি 'ইনদাকা আন্ তাজ'আলাল কুরআনা রবী'আ কালবী ওয়া নূরা সাদ্‌রী ওয়া জালাআ হুযনী ওয়া যাহাবা হাম্মী)।

www.pathagar.com

(১২৪) "হে আল্লাহ! আমি তোমার বান্দা, তোমারই এক বান্দার পুত্র এবং তোমার এক বাঁদীর পুত্র। আমার ভাগ্য তোমার হাতে। আমার উপর তোমার নির্দেশ কার্যকর, আমার প্রতি তোমার ফয়সালা ইনসাফের উপর প্রতিষ্ঠিত। যে নাম তুমি নিজের জন্য নিজে রেখেছো অথবা তোমার যে নাম তুমি তোমার কিতাবে নাযিল করেছো অথবা তোমার সৃষ্টি জীবের কাউকেও যে নাম শিখিয়ে দিয়েছো অথবা নিজ জ্ঞানের ভাণ্ডারে নিজের জন্য সংরক্ষণ করে রেখেছো, আমি সেই সমস্ত নামের প্রতিটির উসীলায় তোমার নিকট এই কাতর প্রার্থনা করি যে, তুমি আমার হৃদয়ের জন্য কুরআন মজীদকে বানিয়ে দাও প্রশান্তি,

www.pathagar.com

আমার বক্ষের জ্যোতি, আমার দুশ্চিন্তা অপসারণকারী এবং উদ্বেগ-উৎকণ্ঠার বিদূরণকারী” (আহমাদ-১/৩৯১)।

لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ الْعَظِيْمُ الْحَلِيْمُ. لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ رَبُّ الْعَرْشِ الْعظِيْمِ. لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ رَبُّ السَّمٰوَاتِ وَرَبُّ الْاَرْضِ وَرَبُّ الْعَرْشِ الْكَرِيْمِ.

(লা ইলাহা ইল্লাল্লাহুল আযীমুল হালীম। লা ইলাহা ইল্লাল্লাহু রব্বুল আরশিল আযীম। লা ইলাহা ইল্লাল্লাহু রব্বুস সামাওয়াতি ওয়া রব্বুল আরদি ওয়া রব্বুল 'আরশিল কারীম)।

www.pathagar.com

(১২৫) "আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি মহান ও সহনশীল। 'আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি মহান আরশের প্রভু। আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রভু এবং মহান আরশেরও প্রভু" (বুখারী-ফাতহুল বারী ৭/১৫৪, মুসলিম-৪/২০৯২)।

اَللّٰـهُمَّ رَحْمَتَكَ أَرْجُوْ فَلاَ تَكِلْنِىْ إِلٰى نَفْسِىْ طَرْفَةَ عَيْنٍ وَّأَصْلِحْ لِىْ شَأْنِىْ كُلَّهُ لاَ إِلٰهَ إِلاَّ أَنْتَ.

(আল্লাহুম্মা রহ্‌মাতাকা আরজু ফালা তাকিলনী ইলা নাফ্‌সী তরফাতা 'আইনিন

www.pathagar.com

ওয়া আসলিহ্ লী শা'নী কুল্লাহু লা ইলাহা ইল্লা আনতা)।

(১২৬) "হে আল্লাহ! আমি তোমারই রহমতের আকাঙ্ক্ষী। অতএব তুমি চোখের পলক পরিমাণ সময়ের জন্যও আমাকে আমার নিজের উপর ছেড়ে দিও না। তুমি আমার সমস্ত কাজ সংশোধন করে দাও। তুমি ছাড়া কোনো ইলাহ নেই" (আবু দাউদ, আদাব, বাব ১০১, নং ৫০৯০; আহমাদ-৫ খণ্ড, পৃ. ৪২।

لَآ إِلٰهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّىْ كُنْتُ مِنَ الظَّالِمِيْنَ.

(লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নী কুনতু মিনায-যালিমীন)।

(১২৭) "তুমি ছাড়া কোনো ইলাহ নেই, তুমি পবিত্র। নিশ্চয়ই আমি যালেমদের অন্তর্ভুক্ত" (তিরমিযী-৫/৫২৯, হাকেম)।

اَللّٰهُ اَللّٰهُ رَبِّىْ لاَ اُشْرِكُ بِهٖ شَيْئًا.

(আল্লাহু আল্লাহু রব্বী লা উশরিকু বিহী শাইআন)।

(১২৮) "আল্লাহ আল্লাহ আমার প্রভু। আমি তাঁর সাথে কোনো কিছু শরীক করি না" (আবু দাউদ-২/৮৭, ইবনে মাজা-২/৩৩৫)।

৪০. শত্রু এবং শক্তিধর ব্যক্তির

www.pathagar.com

সাক্ষাতকালে দু'আ (স্বৈরাচারী যালেমের কবল থেকে আত্মরক্ষার দু'আ)

رَبَّنَا لاَ تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِيْنَ.

(রব্বানা লা তাজ'আলনা মা'আল কাওমিয-যালিমীন)।

(১২৯) "হে আমাদের প্রভু! আমাদেরকে যালেমদের সঙ্গী করো না" (সূরা আ'রাফ : ৪৭)।

رَبِّ فَلاَ تَجْعَلْنِىْ فِى الْقَوْمِ الظّٰلِمِيْنَ.

(রব্বি ফালা তাজ'আলনী ফিল কাওমিয-যালিমীন)।

(১৩০) "প্রভু হে! তুমি আমাকে যালেম

www.pathagar.com

সম্প্রদায়ের অন্তর্ভুক্ত করো না" (সূরা মু'মিনূন : ৯৪)।

رَبَّنَا لَاتَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ. وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ.

(রব্বানা লা তাজ'আলনা ফিতনাতাল লিল-কাওমিয যালিমীন। ওয়া নাজ্জিনা বিরাহমাতিকা মিনাল কাওমিল কাফিরীন)।

(১৩১) "হে আমাদের প্রভু! তুমি আমাদেরকে যালেম সম্প্রদায়ের নির্যাতনের পাত্র বানিও না এবং আমাদেরকে তোমার অনুগ্রহে কাফের জাতি থেকে নাজাত দাও" (সূরা ইউনুস : ৮৫-৮৬)।

www.pathagar.com

رَبَّنَا لاَتَجْعَلْنَا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا وَاغْفِرْلَنَا رَبَّنَا اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ.

(রব্বানা লা তাজআলনা ফিতনাতাল লিল্লাযীনা কাফারূ ওয়াগ্ফির লানা রব্বানা ইন্নাকা আনতাল-আযীযুল হাকীম)।

(১৩২) "হে আমাদের প্রভু! তুমি আমাদেরকে কাফেরদের নির্যাতনের পাত্র বানিও না। হে আমাদের প্রভু! তুমি আমাদের ক্ষমা করো, তুমি তো মহাপরাক্রমশালী, পরম প্রজ্ঞাময়" (সূরা মুমতাহিনা : ৫)।

www.pathagar.com

মহানবী (সা) নিম্নোক্ত দু'আ পড়তেন ঃ

اَللّٰهُمَّ لَاتُسَلِّطْ عَلَيْنَا مَنْ لَّا يَرْحَمُنَا.

(আল্লাহুম্মা লা তুসাল্লিত 'আলাইনা মান লা ইয়ারহামুনা)।

(১৩৩) "হে আল্লাহ! যারা আমাদের প্রতি দয়াপরবশ হবে না তুমি তাদেরকে আমাদের উপর ক্ষমতাসীন করো না" (তিরমিযী)।

رَبَّنَا وَاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا وَّاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ سُلْطَانًا نَصِيْرًا.

(রব্বানা ওয়াজ'আল লানা মিল্লাদুন্‌কা ওয়ালিয়্যান ওয়াজ'আল লানা মিল্লাদুনকা সুলতানান নাসীরা)।

www.pathagar.com

(১৩৪) "হে আমাদের রব! তুমি তোমার পক্ষ থেকে আমাদের জন্য একজন অভিভাবক নিযুক্ত করো এবং আমাদেরকে সাহায্যকারী রাষ্ট্রীয় শক্তি দান করো" (সূরা নিসা : ৭৫ আয়াত এবং সূরা বনী ইসরাঈল ৮০ নং আয়াতের আলোকে)।

রাসূলুল্লাহ (সা) নিম্নোক্ত দু'আও পড়তেন

اَللّٰهُمَّ قَاتِلِ الْكَفَرَةَ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ وَاجْعَلْ عَلَيْهِمْ رِجْزَكَ وَعَذَابَكَ. اَللّٰهُمَّ قَاتِلِ الْكَفَرَةَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتَابَ اِلٰهِ الْحَقِّ.

www.pathagar.com

(আল্লাহুম্মা কাতিলিল-কাফারাতাল্লাযীনা ইয়াসুদ্দূনা 'আন সাবীলিকা ওয়া ইয়ুকায্যিবূনা রুসুলাকা ওয়াজ'আল 'আলাইহিম রিজযাকা ওয়া 'আযাবাকা। আল্লাহুম্মা কাতিলিল-কাফারাতাল্লাযীনা উতুল-কিতাবা ইলাহিল হাক্ক)।

(১৩৫) "হে আল্লাহ! যেসব কাফের (মানুষকে) তোমার পথে (আসতে) বাধা দেয় তাদের নির্মূল করো এবং তাদের প্রতি তোমার গযব ও শাস্তি অবধারিত করো। হে আল্লাহ, যথার্থ ইলাহ! যে আহলে কিতাব সম্প্রদায় অবাধ্যচারী হয়েছে তুমি তাদের শায়েস্তা করো" (নাসাঈ, হাকেম)।

www.pathagar.com

اَللّٰهُمَّ إِنَّا نَجْعَلُكَ فِىْ نُحُوْرِهِمْ وَنَعُوْذُ بِكَ مِنْ شُرُوْرِهِمْ.

(আল্লাহুম্মা ইন্না নাজ্‌'আলুকা ফী নুহূরিহিম ওয়া না'উযু বিকা মিন শুরূরিহিম)।

(১৩৬) "হে আল্লাহ! আমি শত্রুদের শত্রুতা ও তাদের ক্ষতিসাধনের মুকাবিলায় তোমাকে স্থাপন করছি এবং তাদের অনিষ্ট থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করি" (আবু দাউদ-২/৮৯, হাকেম)।

اَللّٰهُمَّ أَنْتَ عَضُدِىْ وَأَنْتَ نَصِيْرِىْ بِكَ أَجُوْلُ وَبِكَ أَصُوْلُ وَبِكَ أُقَاتِلُ.

www.pathagar.com

(আল্লাহুম্মা আনতা 'আদুদী ওয়া আনতা নাসীরী বিকা আজূলু ওয়া বিকা 'আসূলু ওয়া বিকা উকতিলু)।

(১৩৭) "হে আল্লাহ! তুমি আমার শক্তি, তুমিই আমার সাহায্যকারী, তোমার সাহায্যে আমি শত্রুর সম্মুখীন হই, তোমারই সাহায্যে আমি যুদ্ধ করি" (আবু দাউদ-৩/৪২, তিরমিযী-৫/৫৭২)।

حَسْبُنَا اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلُ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ.

(হাস্‌বুনাল্লাহু ওয়া নি'মাল ওয়াকীল নি'মাল মাওলা ওয়া নি'মান-নাসীর।

(১৩৮) "আল্লাহ আমাদের জন্য যথেষ্ট এবং

www.pathagar.com

তিনি কতোই না উত্তম কর্মবিধায়ক"। তিনি কতো উত্তম পৃষ্ঠপোষক এবং কতো উত্তম সাহায্যকারী" (বুখারী-৫/১৭২)।

ইবনে মাসউদ (রা) বলেন, তোমাদের কেউ স্বৈরাচারী শাসকের অত্যাচারের আশঙ্কা করলে সে যেনো বলে–

اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوَاتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ كُنْ لِىْ جَارًا مِّنْ فُلَانِ بْنِ فُلَانٍ وَأَحْزَابِهِ مِنْ خَلَائِقِكَ أَنْ يَّفْرُطَ عَلَىَّ اَحَدٌ مِّنْهُمْ أَوْ يَطْغٰى عَزَّ جَارُكَ وَجَلَّ ثَنَاؤُكَ وَلَآ إِلٰهَ إِلاَّ أَنْتَ.

www.pathagar.com

(আল্লাহুম্মা রব্বাস্ সামাওয়াতিস্ সাব্'ঈ, ওয়া রব্বাল 'আরশিল 'আযীম। কুন লী জারাম মিন্ ফুলানিব্নি ফুলানিন, ওয়া আহ্যাবিহী মিন খালাইকিকা, আইয়্যাফ্রুত 'আলাইয়্যা আহাদুম মিন্হুম আও ইয়াতগা আয্যা জারুকা ওয়া জাল্লা ছানাউকা ওয়া লা ইলাহা ইল্লা আনতা)।

(১৩৯) "হে আল্লাহ সাত আকাশের প্রভু! মহান আরশের প্রভু! তোমার সৃষ্টিকুলের মধ্যে অমুকের পুত্র অমুকের বিরুদ্ধে এবং তার বাহিনীর বিরুদ্ধে তুমি আমার প্রতিবেশী হয়ে যাও, যাতে তাদের কেউ আমার উপর বাড়াবাড়ি বা অন্যায়-অত্যাচার

www.pathagar.com

করতে না পারে। তোমার প্রতিবেশিত্ব মহাপরাক্রমশালী, তোমার প্রশংসা অতি মহান। তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই" (বুখারী আল-আদাব আল-মুফরাদ ৭১২)।

ইবনে আব্বাস (রা) বলেন, যদি তুমি স্বৈরাচারী শাসকের নিকট আসো, যার কঠোরতার ভয় করো, তবে তিনবার এই দু'আ পড়ো–

اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُ أَعَزُّ مِنْ خَلْقِهٖ جَمِيْعًا اَللّٰهُ أَعَزُّ مِمَّا أَخَافُ وَأَحْذَرُ. أَعُوْذُ بِاللّٰهِ الَّذِىْ لَآ إِلٰهَ إِلاَّ هُوَ الْمُمْسِكُ

www.pathagar.com

السَّمٰوَاتِ السَّبْعِ أَنْ يَقَعْنَ عَلَى الْاَرْضِ إِلاَّ بِإِذْنِهٖ مِنْ شَرِّ عَبْدِكَ فُلاَنٍ وَجُنُوْدِهٖ وَأَتْبَاعِهٖ وَأَشْيَاعِهٖ مِنَ الْجِنِّ وَالْاِنْسِ. اَللّٰهُمَّ كُنْ لِىْ جَارًا مِّنْ شَرِّهِمْ جَلَّ ثَنَاؤُكَ وَعَزَّ جَارُكَ وَتَبَارَكَ اسْمُكَ وَلاَ إِلٰهَ غَيْرُكَ.

(আল্লাহু আকবার আল্লাহু আ'আয্যু মিন খালকিহী জামী'আন। আল্লাহু আ'আয্যু মিম্মা আখাফু ওয়া আহ্যারু। আ'উযু বিল্লাহিল্লাযী লা ইলাহা ইল্লা হুওয়াল

www.pathagar.com

মুম্‌সিকুস্‌ সামাওয়াতি্‌স সাব্‌'ঈ আন ইয়াকা'না 'আলাল্‌ আরদি, ইল্লা বিইয্‌নিহী মিন শাররি 'আবদিকা ফুলানিন ওয়া জুনূদিহী ওয়া আত্‌বা'ইহী ওয়া আশয়া'ইহী মিনাল জিন্নি ওয়াল ইনসি। আল্লাহুম্মা কুন লী জারাম মিন শাররিহিম জাল্লা ছানাউকা ওয়া 'আয্‌যা জারুকা ওয়াতাবারকাসমুকা ওয়া লা ইলাহা গাইরুকা)।

(১৪০) আল্লাহ মহান, আল্লাহ তাঁর সমস্ত সৃষ্টি থেকে মহামর্যাদাবান। আমি যার ভয়ে-ভীত তার চেয়ে আল্লাহ মহাপরাক্রমশালী। আমি আল্লাহর কাছে আশ্রয় চাই যিনি ছাড়া আর কেউ নেই, যিনি নিজ সম্মতি সাপেক্ষে সাত আকাশ পৃথিবীর

www.pathagar.com

উপর পতিত হওয়া থেকে সুস্থির রেখেছেন– তাঁর অমুক বান্দার সৈন্য-সামন্ত, তার অনুসারী সমস্ত জিন ও ইনসানের অনিষ্ট থেকে। হে আল্লাহ! তাদের ক্ষতি থেকে রক্ষার জন্য তুমি আমার পড়শী হয়ে যাও। তোমার গুণগান অতি মহান, তোমার পড়শিত্ব মহিমান্বিত, তোমার নাম অতি মহান। তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই" (বুখারী আল-আদাব আল-মুফরাদ-৭১৩)।

اَللّٰهُمَّ مُنْزِلَ الْكِتَابِ سَرِيْعَ الْحِسَابِ اِهْزِمِ الْاَحْزَابَ. اَللّٰهُمَّ اِهْزِمْهُمْ وَزَلْزِلْهُمْ.

www.pathagar.com

(আল্লাহুম্মা মুনযিলাল কিতাবি সারী'আল হিসাবি ইহ্যিমিল আহ্যাব। আল্লাহুম্মা ইহ্যিমহুম ওয়া যাল্যিলহুম)।

(১৪১) "হে আল্লাহ কিতাব নাযিলকারী, দ্রুত হিসাব গ্রহণকারী! তুমি শত্রুবাহিনীকে পরাভূত ও প্রতিহত করো। হে আল্লাহ! তুমি তাদেরকে দমন করো এবং তাদের মধ্যে ত্রাস সৃষ্টি করে দাও" (মুসলিম-৩/১৩৬২)।

اَللّٰهُمَّ اكْفِنِيْهِمْ بِمَا شِئْتَ.

(আল্লাহুম্মা আকফিনীহিম বিমা শি'তা)।

(১৪২) "হে আল্লাহ! এদের বিরুদ্ধে তুমিই আমার জন্য যথেষ্ট হয়ে ইচ্ছামতো সেরূপ

www.pathagar.com

আচরণ করো, তারা যেরূপ আচরণ পাবার উপযোগী" (মুসলিম-৪/২৩০০)।

৪১. ঈমানের মধ্যে সন্দেহে পতিত ব্যক্তির জন্য দু'আ

অভিশপ্ত শয়তান থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে ঃ

أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ.

(আ'উযু বিল্লাহি মিনাশ্ শাইতানির রাজীম)।

(১৪৩) উক্ত দু'আ পাঠে তার সন্দেহ দূরীভূত হবে (বুখারী-ফাতহুল বারী-৬/৩৩৬, মুসলিম-১/১২০)।

اٰمَنْتُ بِاللّٰهِ وَرُسُلِهِ.

www.pathagar.com

(আমানতু বিল্লাহি ওয়া রুসুলিহি)।

(১৪৪) "আমি আল্লাহ এবং তাঁর রাসূলগণের উপর ঈমান আনলাম" (মুসলিম-১/১১৯-১২০)।

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ.

(হুয়াল আওয়ালু ওয়াল আখিরু ওয়ায্যাহিরু ওয়াল-বাতিনু ওয়া হুওয়া বিকুল্লি শায়ইন 'আলীম)।

(১৪৫) "তিনিই আদি, তিনিই অন্ত, তিনিই প্রকাশ্য, তিনিই গুপ্ত এবং সর্ববিষয়ে সুবিজ্ঞ" (সূরা হাদীদ-৩, আবু দাউদ-৪/৩২৯)।

www.pathagar.com

৪২. ঋণ পরিশোধের দু'আ

اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلاَلِكَ عَنْ حَرَامِكَ وَأَغْنِنِىْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ.

(আল্লাহুম্মা আকফিনী বিহালালিকা 'আন হারামিকা ওয়া আগনিনী বিফাদলিকা 'আম্মান সিওয়াকা)।

(১৪৬) "হে আল্লাহ! তুমি আমাকে তোমার হালাল দ্বারা পরিতুষ্ট করে তোমার হারাম থেকে রক্ষা করো এবং তোমার অনুগ্রহ দ্বারা তুমি ছাড়া অন্য সকলের থেকে আমাকে অমুখাপেক্ষী করে দাও" (তিরমিযী-৫/৫৬০)।

আবু সাঈদ আল-খুদরী (রা) বললেন, ইয়া

www.pathagar.com

রাসূলাল্লাহ! আমি দুশ্চিন্তাগ্রস্ত ও ঋণে জর্জরিত হয়ে পড়েছি। রাসূলুল্লাহ (সা) জিজ্ঞেস করলেন, আমি কি তোমাকে এমন একটি দু'আ শিখিয়ে দিবো যা পড়লে তুমি দুশ্চিন্তামুক্ত ও ঋণমুক্ত হয়ে যাবে? তিনি বললেন, হাঁ। রাসূলুল্লাহ (সা) বলেন, তুমি সকাল-সন্ধ্যায় নিম্নোক্ত দু'আ পড়ো ঃ

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَاَعُوْذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ وَاَعُوْذُ بِكَ مِنَ الْبُخْلِ وَالْجُبْنِ وَاَعُوْذُ بِكَ مِنْ غَلَبَةِ الدَّيْنِ وَقَهْرِ الرِّجَالِ.

www.pathagar.com

(আল্লাহুম্মা ইন্নী আ'উযু বিকা মিনাল-হাম্মি ওয়াল হুযনি ওয়া আউযু বিকা মিনাল-'আজযি ওয়াল-কাসালি ওয়া আ'উযু বিকা মিনাল-বুখলি ওয়াল-জুবনি ওয়া আ'উযু বিকা মিন গালাবাতিত-দায়নি ওয়া কাহ্‌রির-রিজাল)।

(১৪৭) "হে আল্লাহ! আমি অবশ্যই তোমার আশ্রয় চাই দুশ্চিন্তা ও দুর্দশা থেকে, তোমার কাছে আশ্রয় চাই দুর্বলতা, অলসতা ও কাপুরুষতা থেকে এবং তোমার কাছে আরো আশ্রয় চাই ঋণের বোঝা থেকে ও মানুষের দমন-পীড়ন থেকে"।

সাহাবী বলেন, আমি নিয়মিত এ দু'আ

www.pathagar.com

পড়তে থাকলাম। অচিরেই আল্লাহ আমাকে দুর্দশামুক্ত ও ঋণমুক্ত করে দিলেন (মুওয়াত্তা ইমাম মুহাম্মাদ)।

৪৩. নামাযে শয়তানের উৎপাতে পতিত ব্যক্তির দু'আ

(১৪৮) উসমান ইবনুল আস (রা) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! শয়তান আমার ও আমার নামাযের মাঝে অনুপ্রবেশ করে এবং কিরাআতে বিভ্রান্তি সৃষ্টি করে। তখন রাসূলুল্লাহ (সা) বলেন ঃ ঐ শয়তানের নাম হচ্ছে খিনযিব। যখন তুমি তার উপস্থিতি অনুভব করো তখন তার থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা করো এবং তোমার

www.pathagar.com

বাম দিকে তিনবার থুথু ফেলো (মুসলিম-৪/১৭২৯)।

৪৪. কঠিন কাজে পতিত ব্যক্তির দু'আ

اَللّٰهُمَّ لاَ سَهْلَ إِلاَّ مَا جَعَلْتَهُ سَهْلاً وَأَنْتَ تَجْعَلُ الْحُزْنَ إِذَا شِئْتَ سَهْلاً.

(আল্লাহুম্মা লা সাহ্লা ইল্লা মা জা'আলতাহু সাহ্লান ওয়া আনতা তাজ্'আলুল হুয্না ইযা শি'তা সাহ্লান)।

(১৪৯) "হে আল্লাহ! কোনো কাজই সহজসাধ্য নয় তুমি যা সহজসাধ্য করেছো তা ছাড়া। আর যখন তুমি ইচ্ছা করো দুশ্চিন্তাকেও সহজসাধ্য করতে পারো" (ইবনে হিব্বান-২৪২৭, ইবনুস সুন্নী)।

www.pathagar.com

৪৫. পাপ কাজ হয়ে গেলে যা বলবে এবং যা করবে

(১৫০) যদি কোনো মুসলমান ভুলবশত পাপ কাজ করার পর উত্তমরূপে উযূ করে, দুই রাক্‌আত নামায পড়ে এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে তবে তাকে মাফ করে দেয়া হবে (আবু দাউদ-২/৮৬, তিরমিযী-২/২৫৭)।

৪৬. শয়তান ও তার কুমন্ত্রণা দূরকারী দু'আ

(১৫১) শয়তান ও তার কুমন্ত্রণা থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করবে অর্থাৎ আ'উযু বিল্লাহ পড়বে (আবু দাউদ-১/২০৬, তিরমিযী-১/৭৭)।

www.pathagar.com

(১৫২) মাসনূন দু'আ পড়বে এবং কুরআন তিলাওয়াত করবে। যেমন নবী করীম (সা) বলেন, তোমরা তোমাদের ঘরসমূহ কবরে পরিণত করো না। কেনোনা শয়তান ঐ ঘর থেকে পলায়ন করে যেখানে সূরা বাকারা পাঠ করা হয় (মুসলিম-১/৫৩৯)।

৪৭. সন্তান লাভকারীকে অভিনন্দন

بَارَكَ اللّٰهُ لَكَ فِى الْمَوْهُوْبِ لَكَ وَشَكَرْتَ الْوَاهِبَ وَبَلَغَ أَشُدَّهٗ وَرُزِقْتَ بِرَّهٗ.

(বারাকাল্লাহু লাকা ফিল মাওহূবি লাকা ওয়া

www.pathagar.com

শাকারতাল ওয়াহিবা ওয়া বালাগা আশুদ্দাহু ওয়া রুযিক্তা বিররাহু)।

(১৫৩) "আল্লাহ তোমার জন্য এই সন্তানে বরকত দান করুন, সন্তান দানকারীর শুকরিয়া আদায় করো, সন্তানটি পূর্ণ বয়সে পদার্পণ করুক এবং তার ইহসান লাভে তুমি ধন্য হও"।

৪৮. অভিনন্দনের জবাবে বলবে

بَارَكَ اللّٰهُ لَكَ وَبَارَكَ عَلَيْكَ وَجَزَاكَ اللّٰهُ خَيْرًا وَرَزَقَكَ اللّٰهُ مِثْلَهُ وَأَجْزَلَ ثَوَابَكَ.

(বারাকাল্লাহু লাকা ওয়া বারাকা 'আলাইকা ওয়া জাযাকাল্লাহু খাইরান ওয়া রাযাককাল্লাহু মিছলাহু ওয়া আজ্যালা ছাওয়াবাকা)।

www.pathagar.com

(১৫৪) "আল্লাহ তোমাকে বরকত দান করুন, তোমাকে উত্তম প্রতিদান দিন, তোমাকেও এর মতো সন্তান দান করুন এবং তোমার সওয়াব বহু গুণে বৃদ্ধি করুন"।

৪৯. সৃষ্টির অনিষ্ট থেকে শিশুদের রক্ষার দু'আ

(১৫৫) রাসূলুল্লাহ (সা) হাসান ও হুসাইন (রা)-এর জন্য এই বলে আশ্রয় প্রার্থনা করতেন-

بِسْمِ اللّٰهِ اَرْقِيْكَ مِنْ كُلِّ شَيْئٍ يُؤْذِيْكَ وَمِنْ شَرِّ كُلِّ نَفْسٍ اَوْ عَيْنٍ حَاسِدٍ اَللّٰهُ يَشْفِيْكَ.

www.pathagar.com

(বিসমিল্লাহি আরকীকা মিন কুল্লি শায়ইন ইয়ু'যীকা ওয়ামিন শাররি কুল্লি নাফসিন আও আইনিন হাসিদিন আল্লাহু ইয়াশফীকা)।

(১৫৬) "আমি আল্লাহ্‌র নামে তোমাদের ঝাড়ফুঁক করছি তোমাদের কষ্ট দেয় এমন প্রতিটি জিনিস থেকে এবং প্রত্যেক প্রাণীর ক্ষতি থেকে অথবা হিংসুকের বদনজর থেকে। আল্লাহ তোমাদের রোগমুক্ত করুন।"

৫০. রোগী দেখতে গিয়ে তার জন্য দু'আ

নবী (সা) রোগী দেখতে গেলে তাকে বলতেন–

لَا بَأْسَ طُهُوْرٌ إِنْ شَاءَ اللّٰهُ.

(লা বা'সা তুহূরুন ইনশাআল্লাহ)।

www.pathagar.com

(১৫৭) "কোনো ক্ষতি হবে না, ইনশাআল্লাহ পবিত্রতা লাভ করবে" (বুখারী -ফাতহুল বারী-১০/১১৮)।

নবী (সা) বলেন ঃ কেউ কোনো রোগীকে দেখতে গেলে তার মৃত্যু আসন্ন না হলে সে তার সামনে এই দু'আ সাতবার পাঠ করবে ঃ

أَسْأَلُ اللّٰهَ الْعَظِيْمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ أَنْ يَّشْفِيْكَ.

(আস্আলুল্লাহাল 'আযীমা রব্বাল 'আরশিল 'আযীমি আইয়্যাশ্ফীকা)।

(১৫৮) "আমি তোমার রোগমুক্তির জন্য আরশে আযীমের মহান প্রভু আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করি"।

www.pathagar.com

এর ফলে আল্লাহ তাকে (মৃত্যু) আসন্ন না হলে রোগমুক্ত করবেন। এ দু'আ সাতবার পড়বে (তিরমিযী-২/২১০, আবু দাঊদ)।

৫১. রোগী দেখতে যাওয়ার ফযীলত

(১৫৯) আলী ইবনে আবু তালিব (রা) বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন, যখন কোনো মুসলমান তার মুসলমান রোগী ভাইকে দেখতে যায় তখন সে না বসা পর্যন্ত জান্নাতে সদ্য তোলা ফলের মাঝে চলাচল করতে থাকে। যখন সে (রোগীর পাশে) বসে পড়ে আল্লাহর রহমত তাকে বেষ্টন করে ফেলে। সময়টা যদি সকাল বেলা হয় তবে সত্তর হাজার ফেরেশতা তার জন্য

www.pathagar.com

রহমতের দু'আ করতে থাকে সন্ধ্যা হওয়া পর্যন্ত। আর যদি সময়টা সন্ধ্যা বেলা হয় তবে সত্তর হাজার ফেরেশতা তার জন্য রহমতের দু'আ করতে থাকে সকাল হওয়া পর্যন্ত (তিরমিযী-১/২৮৬, ইবনে মাজা-১/২৪৪, আহমাদ)।

৫২. মুমূর্ষু রোগীর দু'আ

اَللّٰهُمَّ اغْفِرْلِىْ وَارْحَمْنِىْ وَاَلْحِقْنِىْ بِالرَّفِيْقِ الْاَعْلٰى.

(আল্লাহুম্মাগ্‌ফিরলী ওয়ারহামনী ওয়া আলহিক্‌নী বির রফীকিল আ'লা)।

(১৬০) "হে আল্লাহ! আমাকে ক্ষমা করো,

www.pathagar.com

আমার প্রতি দয়া করো এবং আমাকে মহান বন্ধুর সাথে মিলিয়ে দাও” (বুখারী-৭/১০, মুসলিম-৪/১৮৯৩)।

৫৩. মুমূর্ষু ব্যক্তিকে তালকীন দেয়া

(১৬১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “দুনিয়াতে যার শেষ কথা হবে–

لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ.

(লা ইলাহা ইল্লাল্লাহ)

“সে বেহেস্তে প্রবেশ করবে” (আবু দাউদ-৩/১৯০)।

৫৪. যে কোনো বিপদে পতিত ব্যক্তির দু'আ

إِنَّا لِلّٰهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُوْنَ. اَللّٰهُمَّ

www.pathagar.com

أَجُرْنِى فِى مُصِيْبَتِى وَاخْلُفْ لِى خَيْرًا مِّنْهَا.

(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজি'উন। আল্লাহুম্মা আজুরনী ফী মুসীবাতী ওয়াখ্লুফ লী খাইরাম মিন্হা)।

(১৬২) "আমরা আল্লাহর জন্য এবং আমাদেরকে তাঁর কাছেই ফিরে যেতে হবে। হে আল্লাহ! আমাকে আমার বিপদের বিনিময়ে সওয়াব দাও এবং তার চেয়েও উত্তম কিছু প্রদান করো (মুসলিম-২/৬৩২)।

৫৫. মৃত ব্যক্তির চোখ বন্ধ করার দু'আ

اَللّٰهُمَّ اغْفِرْ لِفُلاَنٍ وَارْفَعْ دَرَجَتَهُ فِى

www.pathagar.com

الْمَهْدِيِّيْنَ وَاخْلُفْهُ فِيْ عَقِبِهِ فِي الْغَابِرِيْنَ وَاغْفِرْ لَنَا وَلَهُ يَا رَبَّ الْعَالَمِيْنَ وَافْسَحْ لَهُ فِيْ قَبْرِهِ وَنَوِّرْ لَهُ فِيهِ.

(আল্লাহুম্মাগফির লিফুলানিন (মৃতের নাম বলবে) ওয়ার্‌ফা' দারজাতাহু ফিল মাহ্‌দিয়্যীনা ওয়াখ্‌লুফহু ফী আকিবিহী ফিল গাবিরীনা ওয়াগ্‌ফির লানা ওয়ালাহু ইয়া রব্বাল 'আলামীন। ওয়াফ্‌সাহ্‌ লাহু ফী কাব্‌রিহী ওয়া নাব্বির লাহু ফীহি)।

(১৬৩) "হে আল্লাহ! তুমি তাকে (মৃত

www.pathagar.com

ব্যক্তির নাম ধরে) ক্ষমা করো, যারা হেদায়াত লাভ করেছে, তাদের মাঝে তার মর্যাদা উঁচু করে দাও এবং যারা রয়ে গেছে তাদের মাঝ থেকে তার জন্য প্রতিনিধি বানাও। হে বিশ্বপ্রভু! আমাদের ও তার গুনাহ্ মাফ করে দাও। তার কবরকে প্রশস্ত করো এবং তার জন্য তা আলোকময় করে দাও" (মুসলিম-২/৬৩৪)।

৫৬. জানাযার নামাযে মৃত ব্যক্তির জন্য দু'আ

রাসূলুল্লাহ (সা) আবু সালামা (রা)-র জানাযায় এই দু'আ পড়েন ঃ

اَللّٰهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَعَافِهِ وَاعْفُ

www.pathagar.com

عَنْهُ وَأَكْرِمْ نُزُلَهُ وَوَسِّعْ مُدْخَلَهُ وَاغْسِلْهُ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ وَنَقِّهِ مِنَ الْخَطَايَا كَمَا نَقَّيْتَ الثَّوْبَ الْأَبْيَضَ مِنَ الدَّنَسِ وَأَبْدِلْهُ دَارًا خَيْرًا مِّنْ دَارِهِ وَأَهْلاً خَيْرًا مِّنْ أَهْلِهِ وَزَوْجًا خَيْرًا مِّنْ زَوْجِهِ وَأَدْخِلْهُ الْجَنَّةَ وَأَعِذْهُ مِنْ عَذَابِ الْقَبْرِ وَعَذَابِ النَّارِ.

(আল্লাহুম্মাগফির লাহু ওয়ারহামহু ওয়া 'আফিহি ওয়া'ফু 'আনহু ওয়া আকরিম নুযুলাহু ওয়াওয়াসসি' মুদখালাহু ওয়াগসিলহু

www.pathagar.com

বিলমায়ি ওয়াস্‌সালজি ওয়ালবারাদি ওয়ানাককিহি মিনাল খাতাইয়া কামা নাক্কাইতাছ্ ছাওবাল আবয়াদা মিনাদদানাসি ওয়া আবদিলহু দারান খাইরাম মিন দারিহি ওয়া আহলান খাইরাম মিন আহলিহি ওয়া যাওজান খাইরাম মিন যাওজিহি ওয়া আদখিলহুল জান্নাতা ওয়া আয়িযহু মিন 'আযাবিল কাবরি ওয়া 'আযাবিন্‌-নার)।

(১৬৪) "হে আল্লাহ! তুমি তাকে মাফ করো, তাকে দয়া করো, তাকে পূর্ণ নিরাপত্তায় রাখো। তাকে মাফ করো, মর্যাদার সাথে তার মেহমানদারী করো। তার বাসস্থান প্রশস্ত করে দাও। তুমি তাকে ধৌত করো, পানি, বরফ ও শিশির দিয়ে।

www.pathagar.com

তুমি তাকে গুনাহ্ থেকে এমনভাবে পরিষ্কার করো যেমন সাদা কাপড় ধৌত করে ময়লা দূর করা হয়। তাকে এই (দুনিয়ার) পরিবারের বদলে উত্তম পরিবার দান করো, তার এই স্ত্রীর চেয়ে উত্তম স্ত্রী দান করো এবং তুমি তাকে জান্নাতে দাখিল করো, তাকে কবরের আযাব ও দোযখের আযাব থেকে রক্ষা করো" (মুসলিম-২/৬৬৩)।

اَللّٰهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وَصَغِيْرِنَا وَكَبِيْرِنَا وَذَكَرِنَا وَأُنْثَانَا. اَللّٰهُمَّ مَنْ أَحْيَيْتَهُ مِنَّا فَأَحْيِهِ عَلَى الْاِسْلَامِ وَمَنْ تَوَفَّيْتَهُ مِنَّا فَتَوَفَّهُ

www.pathagar.com

عَلَى الْاِيْمَانِ. اَللّٰهُمَّ لاَ تَحْرِمْنَا أَجْرَهُ وَلاَ تَفْتِنَّا بَعْدَهُ.

(আল্লাহুম্মাগফির লিহায়্যিনা ওয়া মায়্যিতিনা ওয়া শাহিদিনা ওয়া গায়িবিনা ওয়া সগীরিনা ওয়া কাবীরিনা ওয়া যাকারিনা ওয়া উনছানা। আল্লাহুম্মা মান আহ্য়াইতাহু মিন্না ফাআহ্য়িহি 'আলাল-ইসলাম। ওয়ামান তাওয়াফ্ফাইতাহু মিন্না ফাতাওয়াফ্ফাহু 'আলাল ঈমান। আল্লাহুম্মা লা তাহরিমনা আজরাহু ওয়ালা তাফতিন্না বা'দাহু)।

(১৬৫) "হে আল্লাহ! আমাদের জীবিত ও মৃত, উপস্থিত ও অনুপস্থিত, ছোট ও বড়ো এবং নর ও নারীদেরকে ক্ষমা করো। হে আল্লাহ! তুমি আমাদের মধ্যে যাদের তুমি

www.pathagar.com

জীবিত রাখো তাদেরকে ইসলামের উপর জীবিত রাখো এবং যাদেরকে মৃত্যু দান করো তাদেরকে ঈমানের সাথে মৃত্যু দান করো। হে আল্লাহ! আমাদেরকে তার সওয়াব থেকে বঞ্চিত করো না এবং তার মৃত্যুর পর আমাদেরকে বিপদগ্রস্ত করো না" (ইবনে মাজা-১/৪৮০, আহমাদ-২/৩৬৮)।

৫৭. কবরে লাশ রাখার দু'আ

بِسْمِ اللّٰهِ وَعَلٰى سُنَّةِ رَسُوْلِ اللّٰهِ.

(বিসমিল্লাহি ওয়া 'আলা সুন্নাতি রাসূলিল্লাহি।

(১৬৬) "(আমরা এই লাশ) আল্লাহর নামে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লামের দীনের উপর রাখছি" (আবু দাউদ-৩/৩১৪)।

৫৮. মৃত ব্যক্তিকে দাফন করার পর দু'আ

اَللّٰهُمَّ اغْفِرْ لَهُ اَللّٰهُمَّ ثَبِّتْهُ.

(আল্লাহুম্মাগফির লাহু আল্লাহুম্মা সাব্বিতহু)।

(১৬৭) "হে আল্লাহ! তুমি এই মৃতকে ক্ষমা করো, তাকে স্থির রাখো"

'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত ব্যক্তিকে দাফন করার পর কবরের পাশে দাঁড়াতেন এবং বলতেন, তোমরা তোমাদের ভাইয়ের জন্য দু'আ করো। কেনোনা এখনই সে জিজ্ঞাসিত হবে' (আবু দাউদ-৩/৩১৫, হাকেম)।

www.pathagar.com

৫৯. কবর যিয়ারতের দু'আ

اَلسَّلاَمُ عَلَيْكُمْ يَا أَهْلَ الدِّيَارِ مِنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُسْلِمِيْنَ وَإِنَّا إِنْ شَاءَ اللّٰهُ بِكُمْ لاَحِقُوْنَ وَيَرْحَمُ اللّٰهُ الْمُسْتَقْدِمِيْنَ مِنَّا وَالْمُسْتَأْخِرِيْنَ نَسْأَلُ اللّٰهَ لَنَا وَلَكُمُ الْعَافِيَةَ.

(আস্‌সালামু আলাইকুম ইয়া আহলাদ দিয়ারি মিনাল মু'মিনীনা ওয়াল মুসলিমীনা ওয়াইন্না ইনশাআল্লাহু বিকুম লাহিকূনা ওয়াইয়ারহামুল্লাহুল মুসতাকদিমীনা মিন্না

www.pathagar.com

ওয়াল মুসতা'খিরীনা নাসআলুল্লাহা লানা ওয়ালাকুমুল 'আফিয়াহ)।

(১৬৮) "হে কবরবাসী মুমিন ও মুসলমানগণ! তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক। আমরাও ইনশাআল্লাহ তোমাদের সাথে মিলিত হবো। আল্লাহ আমাদের পূর্ববর্তীদের এবং পরবর্তীদের প্রতি দয়া করুন। আমরা আল্লাহর নিকট আমাদের জন্য এবং তোমাদের জন্য নিরাপত্তা প্রার্থনা করি" (মুসলিম-২/৬৭১), ইবনে মাজা)।

৬০. ঝড়-তুফানে যে দু'আ পড়তে হবে

اَللّٰهُمَّ إِنِّىْ أَسْأَلُكَ خَيْرَهَا وَأَعُوْذُبِكَ مِنْ شَرِّهَا.

www.pathagar.com

(আল্লাহুম্মা ইন্নী আসআলুকা খাইরাহা ওয়া আ'উযু বিকা মিন শাররিহা)।

(১৬৯) "হে আল্লাহ! আমি তোমার নিকট এর (ঝড়-তুফানের) মধ্যকার কল্যাণ চাই। আর আমি তোমার নিকট আশ্রয় চাই এর অনিষ্ট থেকে" (আবু দাউদ-৪/৩২৬, ইবনে মাজা-২/১২২৮)।

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا فِيْهَا وَخَيْرَ مَا أُرْسِلَتْ بِهِ. وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا فِيْهَا وَشَرِّ مَا أُرْسِلَتْ بِهِ.

(আল্লাহুম্মা ইন্নী আসআলুকা খাইরাহা ওয়া

www.pathagar.com

খাইরা মা ফীহা ওয়া খাইরা মা উরসিলাত বিহী। ওয়া আ'উযু বিকা মিন শাররিহা ওয়া শাররি মা ফীহা ওয়া শাররি মা উরসিলাত বিহী)।

(১৭০) "হে আল্লাহ! আমি তোমার নিকট এর (ঝড়-তুফানের) মধ্যকার কল্যাণ চাই এবং সেই কল্যাণ যা এর সাথে প্রেরিত হয়েছে। আমি তোমার আশ্রয় চাই এর অনিষ্ট থেকে এবং এর ভেতরে নিহিত অনিষ্ট থেকে এবং যে ক্ষতি এর সাথে প্রেরিত হয়েছে তার অনিষ্ট থেকে" (বুখারী-৪/৭৬, মুসলিম-২/৬১৬)।

৬১. মেঘের গর্জন শুনে পড়বে

'আবদুল্লাহ ইবনু যুবাইর (রা) মেঘের গর্জন শুনলে কথা বলা বন্ধ করে দিতেন এবং এই দু'আ পড়তেন ঃ

www.pathagar.com

سُبْحَانَ الَّذِىْ يُسَبِّحُ الرَّعْدُ بِحَمْدِهِ وَالْمَلاَئِكَةُ مِنْ خِيْفَتِهِ.

(সুবহানাল্লাযী ইউসাব্বিহুর-রা'দু বিহামদিহি ওয়াল-মালাইকাতু মিন খীফাতিহি)।

(১৭১) "পবিত্র মহান সেই সত্তা যাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করে তাঁর প্রশংসার সাথে মেঘের গর্জন এবং তাঁর ভয়ে কাতর হয়ে ফেরেশতাগণও" (মুওয়াত্তা ইমাম মালেক-২/৯৯২)।

৬২. বৃষ্টি প্রার্থনার দু'আসমূহ

اَللّٰهُمَّ اَسْقِنَا غَيْثًا مُغِيْثًا مَرِيْئًا مُرِيْعًا نَافِعًا غَيْرَ ضَارٍّ عَاجِلاً غَيْرَ اٰجِلٍ.

www.pathagar.com

(আল্লাহুম্মা আসকিনা গাইছান মুগীছান মারী'য়ান মুরী'য়ান নাফি'য়ান গাইরা দ্বাররিন 'আজিলান গাইরা আজিলিন)।

(১৭২) "হে আল্লাহ! আমাদেরকে এমন বৃষ্টির পানি দান করো যা সুপেয়, ফসল উৎপাদনকারী, কল্যাণকর, ক্ষতিকারক নয়, শীঘ্রই আগমনকারী, বিলম্বকারী নয়" (আবু দাউদ-৩০৩)।

اَللّٰهُمَّ أَغِثْنَا اَللّٰهُمَّ أَغِثْنَا اَللّٰهُمَّ أَغِثْنَا.

(আল্লাহুম্মা আগিছনা আল্লাহুম্মা আগিছনা আল্লাহুম্মা আগিছনা)।

(১৭৩) "হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দাও। হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দাও।

www.pathagar.com

হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দাও" (বুখারী-১/২২৪, মুসলিম-২/৬১৩)।

اَللّٰهُمَّ اَسْقِ عِبَادَكَ وَبَهَائِمَكَ وَانْشُرْ رَحْمَتَكَ وَأَحْيِى بَلَدَكَ الْمَيِّتَ.

(আল্লাহুম্মা আসকি 'ইবাদাকা ওয়া বাহাইমাকা ওয়ানশুর রহমাতাকা ওয়া আহ্য়ি বালাদাকাল মায়্যিতা)।

(১৭৪) "হে আল্লাহ! তুমি তোমার বান্দাগণকে এবং চতুষ্পদ জন্তুগুলোকে পানি পান করাও, তোমার রহমত বিস্তার করো, তোমার মৃত শহরকে সজীব করো" (আবু দাউদ-১/৩০৫, আয্‌কারে নব্‌বী, পৃ. ১৫০)।

www.pathagar.com

৬৩. বৃষ্টি বর্ষণের সময় দু'আ

اَللّٰهُمَّ صَيِّبًا نَافِعًا.

(আল্লাহুম্মা সায়্যিবান নাফি'আন)।

(১৭৫) "হে আল্লাহ! পর্যাপ্ত পরিমাণে উপকারী বৃষ্টি বর্ষণ করো" (বুখারী, ফাতহুল বারী-২/৬১৩)।

৬৪. বৃষ্টি বর্ষণের পর দু'আ

مُطِرْنَا بِفَضْلِ اللّٰهِ وَرَحْمَتِهِ.

(মুতিরনা বিফাদলিল্লাহি ওয়া রহমাতিহি)।

(১৭৬) "আল্লাহর রহমতে আমাদের এখানে বৃষ্টি বর্ষিত হয়েছে" (বুখারী-১/২০৫, মুসলিম-১/৮৩)।

www.pathagar.com

৬৫. অতিবৃষ্টি বন্ধের জন্য দু'আ

اَللّٰهُمَّ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنَا اللّٰهُمَّ عَلَى الْآكَامِ وَالظِّرَابِ وَبُطُوْنِ الْأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّجَرِ.

(আল্লাহুম্মা হাওয়ালাইনা ওয়ালা 'আলাইনা। আল্লাহুম্মা আলাল-আকামি ওয়ায্যিরবি ওয়াবুতূনিল আওদিয়াতি ওয়ামানাবিতিশ শাজারি)।

(১৭৭) "হে আল্লাহ! আমাদের পার্শ্ববর্তী এলাকায় বর্ষণ করো, আমাদের উপর নয়। হে আল্লাহ! উঁচু ভূমিতে ও পাহাড়-পর্বতে,

www.pathagar.com

উপত্যকা অঞ্চলে এবং বনাঞ্চলে বর্ষণ করো" (বুখারী-১/২২৪, মুসলিম-২/৬১৪)।

৬৬. নতুন চাঁদ দেখে যে দু'আ পড়বে

اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُمَّ أَهِلَّهُ عَلَيْنَا بِالْأَمْنِ وَالْإِيْمَانِ وَالسَّلَامَةِ وَالْإِسْلَامِ وَالتَّوْفِيْقِ لِمَا تُحِبُّ رَبَّنَا وَتَرْضٰى رَبُّنَا وَرَبُّكَ اللّٰهُ.

(আল্লাহু আকবার আল্লাহুম্মা আহিল্লাহু 'আলাইনা বিলআম্‌নি ওয়ালঈমানি ওয়াস্‌সালামাতি ওয়াল-ইসলামি ওয়াত্‌তাওফীকি লিমা তুহিব্বু রব্বুনা ওয়া তারদা রব্বুনা ওয়া রব্বুকাল্লাহ)।

(১৭৮) "আল্লাহ মহান। হে আল্লাহ! এই

www.pathagar.com

নতুন চাঁদকে আমাদের নিরাপত্তা, ঈমান, শান্তি ও ইসলামের সাথে এবং যা তুমি পছন্দ করো, আর যাতে তুমি সন্তুষ্ট হও, আমাদের তারই তৌফীক দাও। আল্লাহ আমাদের এবং তোমার (চাঁদের) প্রভু" (তিরমিযী-৫/৫০৪, দারিমী-১/৩৩৬)।

৬৭. ইফতারের সময় দু'আ

ذَهَبَ الظَّمَأُ وَابْتَلَّتِ الْعُرُوْقُ وَثَبَتَ الأَجْرُ إِنْ شَاءَ اللّٰهُ.

(যাহাবায-যামাউ ওয়াব্‌তাল্লাতিল 'উরূকু ওয়া ছাবাতাল আজরু ইনশাআল্লাহু)।

(১৭৯) "পিপাসা দূরীভূত হয়েছে,

www.pathagar.com

শিরা-উপশিরা সিক্ত হয়েছে এবং আল্লাহ্‌র মর্জি সওয়াব প্রাপ্তি নিশ্চিত হয়েছে (আবু দাউদ-২/৩০৬)।

আবদুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ইফতারের সময় রোযাদারের দু'আ কবুল হওয়ার একটা মুহূর্ত আছে যখন তা প্রত্যাখ্যাত হয় না। ইবনে আবি মুলাইকা বলেন, আমি আবদুল্লাহ ইবন আমর থেকে শুনেছি, তিনি ইফতারের সময় বলতেন ঃ

اَللّٰهُمَّ إِنِّىْ أَسْأَلُكَ بِرَحْمَتِكَ الَّتِىْ وَسِعَتْ كُلَّ شَيْءٍ أَنْ تَغْفِرَ لِىْ.

www.pathagar.com

(আল্লাহুম্মা ইন্নী আসআলুকা বিরহ্‌মাতিকাল্লাতী ওয়াসি'আত কুল্লা শায়ইন আন তাগফিরা লী)।

(১৮০) "হে আল্লাহ! তোমার যে রহমত সকল কিছুকে বেষ্টন করে রেখেছে তার উসীলায় আবেদন করি যে, তুমি আমাকে ক্ষমা করো" (ইবনে মাজা-১/৫৫৭, শরহে আয্‌কার-৪/৩৪২)।

৬৮. খাওয়ার পূর্বে দু'আ

(১৮১) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যখন তোমাদের কেউ আহার শুরু করে তখন সে যেনো 'বিস্‌মিল্লাহ' বলে এবং শুরুতে বলতে ভুলে গেলে যেনো বলে ঃ

www.pathagar.com

بِسْمِ اللّٰهِ أَوَّلَهُ وَاٰخِرَهُ.

"বিস্‌মিল্লাহি আওওয়ালাহু ওয়া আখিরাহু)।

"এর শুরু ও শেষ আল্লাহ্‌র নামে"।

আহার শেষে বলবে

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَأَطْعِمْنَا خَيْرًا مِّنْهُ.

(আল্লাহুম্মা বারিক লানা ফীহি ওয়া আতইম্‌না খাইরাম-মিনহু)।

(১৮২) "হে আল্লাহ! তুমি আমাদেরকে এই খাদ্যে বরকত দাও এবং এর চেয়েও উত্তম খাদ্য আহার করাও" (হাদীস)।

www.pathagar.com

৬৯. দুধ পান করলে সে যেনো বলে ঃ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَزِدْنَا مِنْهُ.

(আল্লাহুম্মা বারিক লানা ফীহি ওয়াযিদনা মিনহু)।

(১৮৩) "হে আল্লাহ! তুমি আমাদেরকে এই খাদ্যে বরকত দাও এবং আরো বেশী করে দাও" (তিরমিযী-৫/৫০৬)।

৭০. আহার শেষে দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ أَطْعَمَنِىْ هٰذَا وَرَزَقَنِيْهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّىْ وَلَا قُوَّةٍ.

(আলহামদু লিল্লাহিল্লাযী আত'আমানী হাযা

www.pathagar.com

ওয়া রাযাকানীহি মিন গাইরি হাওলিম-মিন্নী ওয়ালা কুওওয়াতিন)।

(১৮৪) "সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি আমাকে এই আহার করালেন এবং এই রিযিক দিলেন আমার উদ্যোগ ও শক্তি-সামর্থ্য ছাড়াই" (আবু দাউদ, আহমাদ, ইবনে মাজা, তিরমিযী-৩/১৫৯)।

اَلْحَمْدُ لِلّٰهِ حَمْدًا كَثِيْرًا طَيِّبًا مُّبَارَكًا فِيْهِ غَيْرَ مَكْفِيٍّ وَلاَ مُوَدَّعٍ وَلاَ مُسْتَغْنًى عَنْهُ رَبَّنَا.

(আলহামদু লিল্লাহি হামদান কাছীরান তায়্যিবাম মুবারাকান ফীহি গাইরা

www.pathagar.com

মাকফিয়্যিন ওয়ালা মুয়াদ্দাইন ওয়ালা মুসতাগনা আনহু রব্বুনা)।

(১৮৫) "পাক-পবিত্র, বরকতময়, অনেক অনেক প্রশংসা, সমস্তই আল্লাহর জন্য। হে আমাদের প্রভু! যে খাদ্য থেকে বিমুখ হতে পারবো না তা কখনো চিরতরে বিদায় দিতে পারবো না এবং তা থেকে অমুখাপেক্ষীও হতে পারবো না।" (বুখারী-৬/২১৪, তিরমিযী-৫/৫০৭)।

৭১. আহারের আয়োজনকারীর জন্য মেহমানের দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ لَهُمْ فِيْمَا رَزَقْتَهُمْ وَاغْفِرْ لَهُمْ وَارْحَمْهُمْ.

www.pathagar.com

(আল্লাহুম্মা বারিক লাহুম ফীমা রাযাক্তাহুম ওয়াগ্ফির লাহুম ওয়ারহামহুম)।

(১৮৬) "হে আল্লাহ! তুমি তাদেরকে যে রিযিক দান করেছো তাতে তাদের জন্য বরকত দাও, তাদের গুনাহ মাফ করো এবং তাদের প্রতি দয়া করো" (মুসলিম-৩/১৬১৫)।

اَللّٰهُمَّ أَطْعِمْ مَنْ أَطْعَمَنِىْ وَاَسْقِ مَنْ سَقَانِىْ.

(আল্লাহুম্মা আতইম মান আত'আমানী ওয়াআসকি মান সাকানী)।

(১৮৭) "হে আল্লাহ! যারা আমাকে আহার করালো তুমি তাদেরকে আহার করাও এবং

www.pathagar.com

যারা আমাকে পান করালো তুমি তাদেরকে পান করাও” (মুসলিম-৩/১২৬)।

৭২. হাঁচি দিয়ে যা বলতে হয়

(১৮৮) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন ঃ তোমাদের কেউ হাঁচি দিলে 'আলহামদু লিল্লাহি' বলবে এবং যেই মুসলমান তা শুনবে সে অবশ্যই 'ইয়ারহামুকাল্লাহ' বলবে। হাঁচিদাতা তার উত্তরে বলবে,

يَهْدِيْكُمُ اللّٰهُ وَيُصْلِحُ بَالَكُمْ.

(ইয়াহ্দীকুমুল্লাহু ওয়া ইউসলিহু বালাকুম)।

“আল্লাহ আপনাদের সৎপথ প্রদর্শন করুন

www.pathagar.com

এবং আপনাদের অবস্থা উন্নত করুন" (বুখারী-৭/১২৫)।

(১৮৯) কাফের ব্যক্তি হাঁচি দিয়ে আলহামদু লিল্লাহ্ বললে তার জবাবে বলবে ঃ

يَهْدِيكُمُ اللّٰهُ وَيُصْلِحُ بَالَكُمْ.

"(ইয়াহদীকুমুল্লাহু ওয়া ইয়ুসলিহু বালাকুম)। (তিরমিযী ৫/৮২, আহমাদ-৪/৪০০)।

৭৩. নব-দম্পতির জন্য দু'আ

بَارَكَ اللّٰهُ لَكَ وَبَارَكَ عَلَيْكَ وَجَمَعَ بَيْنَكُمَا فِىْ خَيْرٍ.

(বারাকাল্লাহু লাকা ওয়াবারাকা 'আলাইকা ওয়া জামা'আ বাইনাকুমা ফী খাইরিন্)।

www.pathagar.com

(১৯০) "আল্লাহ তোমাকে বরকত দান করুন, তোমার উপর বরকত নাযিল করুন এবং কল্যাণে তোমাদের উভয়কে অংশীদার করুন" (আবু দাঊদ, ইবনে মাজা, তিরমিযী-১/৩১৬)।

৭৪. স্ত্রী-সহবাসের পূর্বের দু'আ

بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا.

(বিসমিল্লাহি আল্লাহুম্মা জান্নিবনাশ্-শাইতানা ওয়া জান্নিবিশ্-শাইতানা মা রযাকতানা)।

(১৯১) "আল্লাহর নামে। হে আল্লাহ! তুমি আমাদের থেকে শয়তানকে দূরে রাখো এবং

www.pathagar.com

আমাদেরকে তুমি যে সন্তান দান করবে তার থেকেও শয়তানকে দূরে রাখো" (বুখারী-৬/১৪১, মুসলিম ২/১০২৮)।

৭৫. ক্রোধ দমনের দু'আ

أَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ.

(আঊযু বিল্লাহি মিনাশ্-শাইতানির রাজীম)।

(১৯২) "আল্লাহর নিকট আশ্রয় চাই অভিশপ্ত শয়তান থেকে" (বুখারী-৭/৯৯, মুসলিম-৪/২০১৫)।

৭৬. বিপন্ন লোক দেখে মনে মনে যে দু'আ পড়তে হয়

www.pathagar.com

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ عَافَانِيْ مِمَّا ابْتَلاَكَ بِهٖ وَفَضَّلَنِيْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقَ تَفْضِيْلاً.

(আলহামদু লিল্লাহিল্লাযী 'আফানী মিম্মাব্‌তালাকা বিহী ওয়া ফাদ্দালানী 'আলা কাছীরিন মিম্মান খালাকা তাফ্‌দীলা)।

(১৯৩) "সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি তোমাকে যে পরীক্ষায় ফেলেছেন তা থেকে আমাকে নিরাপদ রেখেছেন এবং তার সৃষ্টির অনেকের চেয়ে আমাকে অধিক দয়া করেছেন" (তিরমিযী-৫/৪৯৪, ৪৯৩)।

www.pathagar.com

৭৭. মজলিসে যে দু'আ পড়তে হয়

"ইবনে উমার (রা) বলেন, হিসাব করে দেখা গেছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বৈঠক থেকে উঠে যাবার পূর্বে শতবার এই দু'আ পড়তেন ঃ

رَبِّ اغْفِرْلِيْ وَتُبْ عَلَيَّ إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الْغَفُوْرُ.

(রব্বিগ্‌ফির লী ওয়াতুব 'আলায়্যা ইন্নাকা আনতাত্ তাওয়াবুল গাফূর)।

(১৯৪) "হে আমার প্রভু! তুমি আমাকে মাফ করো এবং আমার তওবা কবূল করো। নিশ্চয়ই তুমি তওবা কবুলকারী ক্ষমাশীল" (তিরমিযী-৩/১৫৩, ইবনে মাজা-২/৩২১)।

www.pathagar.com

৭৮. বৈঠকের কাফ্‌ফারা (ক্ষতিপূরণ)

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لاَّ إِلٰهَ إِلاَّ أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ.

(সুব্‌হানাকা আল্লাহুম্মা ওয়া বিহাম্‌দিকা আশহাদু আল্লা ইলাহা ইল্লা আনতা আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা)।

(১৯৫) "হে আল্লাহ! আমি তোমার প্রশংসা সহকারে তোমার পবিত্রতা বর্ণনা করি। আমি সাক্ষ্য দেই যে, তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই। আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করি এবং তোমার নিকট তওবা করি" (আবু দাঊদ, নাসাঈ, তিরমিযী-৩/১৫৩, ইবনে মাজা)।

www.pathagar.com

৭৯. যা দ্বারা বৈঠকের সমাপ্তি ঘোষণা করা হয়

(১৯৬) 'হযরত আয়েশা (রা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোনো মজলিসে বসতেন বা কুরআন তিলাওয়াত করতেন অথবা নামায পড়তেন এসব কিছুর সমাপ্তি ঘোষণা করতেন উক্ত শব্দগুলো দ্বারা। আয়েশা (রা) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনি কোনো মজলিসে বসেন বা কুরআন তিলাওয়াত করেন অথবা নামায পড়েন, আমি আপনাকে দেখি এ সকলের সমাপ্তি ঘোষণা করেন এই শব্দগুলো পাঠ করে (এর কারণ কি)। তিনি

www.pathagar.com

বলেন, হাঁ, যে ব্যক্তি কল্যাণমূলক কথা বলে তার সমাপ্তি হবে এই কল্যাণের উপর। আর যে ব্যক্তি অকল্যাণমূলক কথা বলবে এই শব্দগুলো তার জন্য কাফ্ফারাস্বরূপ হবে ঃ

سُبْحَانَكَ وَبِحَمْدِكَ لاَ اِلٰـهَ إِلاَّ أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ.

সুব্হানাকা ওয়া বিহাম্দিকা লা ইলাহা ইল্লা আনতা। আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা" (নাসাঈ, মুসনাদ আহমাদ-৬/৭৭)।

৮০. সদাচরণকারীর জন্য দু'আ

(১৯৭) 'যে কেউ কারো প্রতি সদাচরণ করলে যেনো তাকে বলে–

www.pathagar.com

جَزَاكَ اللّٰهُ خَيْرًا.

(জাযাকাল্লাহু খাইরান)।

“আল্লাহ তোমাকে উত্তম বিনিময় দান করুন”। তাহলে সে পূর্ণ মাত্রায় তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলো (তিরমিযী, হাদীস নং ২০৩৫)।

৮১. দাজ্জালের বিপর্যয় থেকে রক্ষা পাওয়ার দু‘আ

(১৯৮) যে ব্যক্তি সূরা কাহ্ফের প্রথম দশটি আয়াত মুখস্থ করলো তাকে দাজ্জালের বিপর্যয় থেকে রক্ষা করা হবে। আর প্রতি নামাযের শেষ বৈঠকে তাশাহহুদের পর তার বিপর্যয় থেকে রক্ষা পাবার জন্য আল্লাহর

www.pathagar.com

নিকট আশ্রয় প্রার্থনা করতে হবে” (মুসলিম-১৫৫৫)।

৮২. আল্লাহর ওয়াস্তে ভালোবাসা পোষণকারীর জন্য দু‘আ

أَحَبَّكَ الَّذِىْ أَحْبَبْتَنِى لَهُ.

(আহাব্বাকাল্লাযী আহ্বাব্তানী লাহু)।

(১৯৯) “আল্লাহ তোমাকে ভালোবাসুন যাঁর জন্য তুমি আমাকে ভালোবাসো” (আবু দাউদ-৪/৩৩৩)।

৮৩. কেউ কিছু দান করলে তার জন্য দু‘আ

بَارَكَ اللّٰهُ لَكَ فِىْ أَهْلِكَ وَمَالِكَ.

(বারাকাল্লাহু লাকা ফী আহ্লিকা ওয়া মালিকা)।

(২০০) "আল্লাহ তোমার সম্পদে ও পরিবারবর্গে বরকত দান করুন" (বুখারী)।

৮৪. শিরক থেকে আত্মরক্ষার দু'আ

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ اَنْ أُشْرِكَ بِكَ وَأَنَا أَعْلَمُ وَأَسْتَغْفِرُكَ لِمَا لاَ أَعْلَمُ.

(আল্লাহুম্মা ইন্নী আ'উযু বিকা আন উশ্রিকা বিকা ওয়া আনা আ'লামু ওয়া আস্তাগফিরুকা লিমা লা আ'লামু)।

(২০১) "হে আল্লাহ! আমি জ্ঞাতসারে তোমার সাথে শিরক করা থেকে তোমার নিকট আশ্রয় চাই এবং অজ্ঞাতসারে

(শিরক) হয়ে গেলে ক্ষমা প্রার্থনা করি” (আহমাদ-৪/৪০৩, সহীহ আল্ জামে-৩/২৩৩)।

৮৫. অশুভ লক্ষণ থেকে রক্ষার দু‘আ

اَللّٰهُمَّ لاَ طَيْرَ اِلاَّ طَيْرُكَ وَلاَ خَيْرَ اِلاَّ خَيْرُكَ وَلاَ اِلٰهَ غَيْرُكَ.

(আল্লাহুম্মা লা তাইরা ইল্লা তাইরুকা ওয়ালা খাইরা ইল্লা খাইরুকা ওয়ালা ইলাহা গাইরুকা)।

(২০২) “হে আল্লাহ! তুমি কিছু ক্ষতি না করলে অশুভ বা কুলক্ষণ বলে কিছু নেই। তোমার দেয়া কল্যাণ ছাড়া কোনো কল্যাণ নেই। তুমি ছাড়া কোনো ইলাহ নেই”

www.pathagar.com

(আহমাদ-২/২২০, নং৭০৪৫; ইবনে সুন্নী, হাদীস নং ২৯২)।

৮৬. পশু ক্রয়ের সময় দু'আ

اَللّٰهُمَّ إِنِّىْ أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا جَبَلْتَهَا عَلَيْهِ. وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا جَبَلْتَهَا عَلَيْهِ.

(আল্লাহুম্মা ইন্নী আস্‌আলুকা খাইরাহা ওয়া খাইরা মা জাবালতাহা 'আলাইহি ওয়া আ'উযু বিকা মিন শাররিহা ওয়া শাররি মা জাবালতাহা 'আলাইহি)।

(২০৩) "হে আল্লাহ! তোমার নিকট এর

www.pathagar.com

মধ্যকার কল্যাণ প্রার্থনা করি এবং কামনা করি যে কল্যাণকর স্বভাব দিয়ে তাকে সৃষ্টি করেছো তাও। আর আমি তোমার আশ্রয় চাই তার অনিষ্ট থেকে এবং তার প্রবৃত্তির অকল্যাণ থেকে যা দিয়ে তুমি একে সৃষ্টি করেছো" (আবু দাউদ-২/২৪৮, ইবনে মাজা-১/৬১৭)।

৮৭. যানবাহনে আরোহণের দু'আ

بِسْمِ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ سُبْحَانَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ مُقْرِنِيْنَ. وَإِنَّا إِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ.

www.pathagar.com

(বিস্‌মিল্লাহি ওয়ালহাম্‌দু লিল্লাহি, সুব্‌হানাল্লাযী সাখ্‌খারা লানা হাযা ওয়ামা কুন্না লাহূ মুকরিনীন। ওয়া ইন্না ইলা রব্বিনা লামুনকালিবূন।

(২০৪) "আমি আল্লাহর নামে আরোহণ করছি। সকল প্রশংসা আল্লাহর জন্য। পবিত্র মহান সেই সত্তা যিনি একে আমাদের জন্য বশীভূত করে দিয়েছেন, অন্যথায় আমরা একে বশীভূত করতে সক্ষম ছিলাম না। আর আমরা অবশ্যই প্রত্যাবর্তন করবো আমাদের প্রভুর দিকে"।

তারপর তিনবার 'আল্‌হামদু লিল্লাহ' এবং তিনবার 'আল্লাহু আকবার' বলবে।

سُبْحَانَكَ اللّٰهُمَّ إِنِّىْ ظَلَمْتُ نَفْسِىْ فَاغْفِرْ لِىْ فَإِنَّهُ لاَيَغْفِرُ الذُّنُوْبَ إِلاَّ أَنْتَ.

(সুবহানাকা আল্লাহুম্মা ইন্নী যলাতমু নাফ্সী ফাগফির লী। ফাইন্নাহু লা ইয়াগ্ফিরুয্-যুনূবা ইল্লা আন্তা)।

(২০৫) "হে আল্লাহ! তুমি পবিত্র, আমি আমার নিজের উপর যুলুম করেছি। সুতরাং তুমি আমাকে মাফ করে দাও। কেনোনা তুমি ভিন্ন গুনাহ মাফ করার আর কেউ নেই" (আবু দাউদ-৩/৩৪, তিরমিযী-৫/৫০১)।

www.pathagar.com

৮৮. সফরের দু'আ

اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُ أَكْبَرُ سُبْحَانَ الَّذِىْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ مُقْرِنِيْنَ. وَإِنَّا إِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ. اَللّٰهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِىْ سَفَرِنَا هٰذَا الْبِرَّ وَالتَّقْوٰى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضٰى. اَللّٰهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هٰذَا وَاطْوِ عَنَّا بُعْدَهٗ اَللّٰهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِى السَّفَرِ وَالْخَلِيْفَةُ فِى الْاَهْلِ اَللّٰهُمَّ إِنِّىْ أَعُوْذُ

www.pathagar.com

بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوْءِ الْمُنْقَلَبِ فِى الْمَالِ وَالْاَهْلِ.

(আল্লাহু আকবার আল্লাহু আকবার আল্লাহু আকবার। সুব্‌হানাল্লাযী সাখ্‌খারা লানা হাযা ওয়ামা কুন্না লাহূ মুকরিনীনা। ওয়া ইন্না ইলা রব্বিনা লামুনকালিবূন।

আল্লাহুম্মা ইন্না নাস্‌আলুকা ফী সাফারিনা হাযাল-বিররা ওয়াত্‌তাক্‌ওয়া ওয়ামিনাল 'আমালি মা তারদা। আল্লাহুম্মা হাব্বিন 'আলাইনা সাফারানা হাযা ওয়াতবি 'আন্না বু'দাহু। আল্লাহুম্মা আনতাস সাহিবু ফিস সাফারি ওয়াল-খালীফাতু ফিল আহ্‌লি।

www.pathagar.com

আল্লাহুম্মা ইন্নী আ'উযু বিকা মিন ওয়া'ছাইস্-সাফারি ওয়া কা'বাতিল মানযারি ওয়া সূইল মুনকালাবি ফিল মালি ওয়াল আহ্লি)।

(২০৬) (তিনবার) 'আল্লাহ আকবার' (বলবে তারপর এই দু'আ পড়বে) ঃ "পবিত্র মহান সেই সত্তা যিনি আমাদের জন্য একে বশীভূত করে দিয়েছেন, অন্যথায় আমরা একে বশীভূত করতে সক্ষম ছিলাম না। আর আমরা অবশ্যই আমাদের প্রভুর নিকট প্রত্যাবর্তন করবো। হে আল্লাহ! আমাদের এই সফরে পুণ্য ও তাকওয়া অর্জনের জন্য তোমার নিকট আবেদন জানাই এবং আমরা এমন কাজের সামর্থ্য চাই যা তুমি পছন্দ করো। হে আল্লাহ! আমাদের জন্য এই

www.pathagar.com

সফরকে সহজসাধ্য করে দাও এবং এর দূরত্বকে আমাদের জন্য কমিয়ে দাও। হে আল্লাহ! তুমিই এই সফরে আমাদের সাথী এবং আমাদের পরিবার-পরিজনের রক্ষণাবেক্ষণকারী। হে আল্লাহ! আমরা তোমার আশ্রয় প্রার্থনা করি সফরের কষ্ট-ক্লেশ থেকে, কষ্টদায়ক দৃশ্য দর্শন থেকে এবং সফর থেকে প্রত্যাবর্তনকালে সম্পদ ও পরিজনের ক্ষয়ক্ষতির অনিষ্টকর দৃশ্য দর্শন থেকে"।

আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফর থেকে ফিরে এসে নিম্নলিখিত দু'আও পড়তেন ঃ

آئِبُوْنَ تَائِبُوْنَ عَابِدُوْنَ لِرَبِّنَا حَامِدُوْنَ.

(আইবূনা তাইবূনা 'আবিদূনা লিরব্বিনা হামিদূন)।

www.pathagar.com

(২০৭) “আমরা (সফর থেকে প্রত্যাবর্তন করছি) তওবাকারী, ইবাদতকারী এবং আমাদের প্রভুর প্রশংসাকারী হিসেবে” (মুসলিম-২/৯৯৮)।

৮৯. গ্রাম বা শহরে প্রবেশের দু‘আ

اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوَاتِ السَّبْعِ وَمَا أَظْلَلْنَ وَرَبَّ الْأَرَاضِيْنَ السَّبْعِ وَمَا أَقْلَلْنَ وَرَبَّ الشَّيَاطِيْنِ وَمَا أَضْلَلْنَ وَرَبَّ الرِّيَاحِ وَمَا ذَرَيْنَ أَسْأَلُكَ خَيْرَ هٰذِهِ الْقَرْيَةِ وَخَيْرَ أَهْلِهَا وَخَيْرَ مَا فِيْهَا. وَأَعُوْذُ بِكَ

www.pathagar.com

مِنْ شَرِّهَا وَشَرِّ أَهْلِهَا وَشَرِّ مَا فِيهَا.

(আল্লাহুম্মা রব্বাস্-সামাওয়াতিস্ সাব্'ঈ ওয়ামা আযলালনা ওয়ারব্বাল আরাদীনাস্ সাব'ঈ ওয়্ামা আকলালনা ওয়া রব্বাশ শাইয়াতীনি ওয়ামা আদলালনা ওয়া রব্বার-রিয়াহি ওয়ামা যারাইনা আস্আলুকা খাইরা হাযিহিল কার্ইয়াতি ওয়া খাইরা আহ্লিহা ওয়া খাইরা মা ফীহা। ওয়া আ'উযু বিকা মিন শাররিহা ওয়া শাররি আহলিহা ওয়া শাররি মা ফীহা)।

(২০৮) "হে আল্লাহ! সাত আকাশের এবং তার ছায়ার প্রভু, সাত স্তর যমীন ও তার পরিবেষ্টিত স্থানের প্রভু, শয়তানদের এবং

www.pathagar.com

ওদের পথভ্রষ্টদের প্রভু, প্রবল ঝড়ো হাওয়া এবং তা যা কিছু ধুলি উড়ায় তার প্রভু! আমি তোমার নিকট এই মহল্লার কল্যাণ, এই মহল্লাবাসী থেকে কল্যাণ এবং এর মাঝে যা কিছু কল্যাণ আছে সবটাই প্রার্থনা করি। আর আমি তোমার নিকট আশ্রয় চাই এর অনিষ্ট থেকে, এখানে বসবাসকারীদের অনিষ্ট থেকে এবং এর মাঝে যা কিছু অনিষ্ট আছে তা থেকে" (হাকেম, আয্- যাহবী-২/১০০)।

৯০. বাজারে প্রবেশের দু'আ

لاَ إِلٰـهَ إِلاَّ اللّٰـهُ وَحْـدَهُ لاَشَـرِيْـكَ لَهُ لَهُ
الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِى وَيُمِيْتُ وَهُوَ

www.pathagar.com

حَيٌّ لَا يَمُوْتُ بِيَدِهِ الْخَيْرُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ.

(লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকা লাহু লাহুল-মুলকু ওয়ালাহুল-হাম্‌দু ইয়ুহ্‌য়ি ওয়াইয়ুমীতু ওয়াহুওয়া হায়্যুন লা ইয়ামূতু বিয়াদিহিল খাইরু ওয়া হুওয়া 'আলা কুল্লি শায়ইন কাদীর)।

(২০৯) 'আল্লাহ ছাড়া কেনো ইলাহ নেই। তিনি এক, তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁরই, প্রশংসা মাত্রই তাঁর। তিনিই জীবন দান করেন এবং তিনিই মারেন। তিনি চিরঞ্জীব, মৃত্যু তাঁকে স্পর্শ করতে পারে না।

www.pathagar.com

সকল প্রকার কল্যাণ তাঁর হাতে নিহিত। তিনি সকল কিছুর উপর সর্বময় শক্তির অধিকারী” (তিরমিযী-৫/৪৯১, হাকেম-১/৫৩৮)।

৯১. বাড়ির লোকজনের জন্য মুসাফিরের দু'আ

أَسْتَوْدِعُكُمُ اللّٰهَ الَّذِىْ لاَ تَضِيْعُ وَدَائِعُهُ.

(আস্‌তাওদি'উ কুমুল্লাহাল্লাযী লা তাদী'উ ওয়াদাই'উহু)।

(২১০) “আমি তোমাদেরকে আল্লাহর হেফাযতে রেখে যাচ্ছি যাঁর হেফাযতে অবস্থানকারী কেউই ক্ষতিগ্রস্ত হয় না” (আহমাদ-২/৪০৩, ইবনে মাজা-২/৯৪৩)।

www.pathagar.com

৯২. মুসাফিরের জন্য বাড়ির লোকজনের দু'আ

أَسْتَوْدِعُ اللّٰهَ دِيْنَكَ وَأَمَانَتَكَ وَخَوَاتِيْمَ عَمَلِكَ.

(আস্তাওদি'উল্লাহা দীনাকা ওয়া আমানাতাকা ওয়া খাওয়াতীমা 'আমালিকা)।

(২১১) "আমি তোমার দীন, তোমার বিশ্বস্ততা এবং তোমার সর্বশেষ আমলকে আল্লাহর উপর সোপর্দ করছি" (আহমাদ-২/৭, তিরমিযী-৫/৪৯৯)।

৯৩. উঁচু ও নীচু স্থানে উঠা-নামার দু'আ

'জাবের (রা) বলেন,

كُنَّا إِذَا صَعَدْنَا كَبَّرْنَا وَإِذَا نَزَلْنَا سَبَّحْنَا.

(২১২) "আমরা যখন উঁচুতে আরোহণ করতাম তখন 'আল্লাহু আকবার' বলতাম এবং যখন নীচের দিকে নামতাম তখন 'সুবহানাল্লাহ' বলতাম" (বুখারী-ফাতহুল বারী-৬/১৩৫)।

৯৪. আনন্দদায়ক কিছু দেখলে

(২১৩) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনন্দদায়ক কিছু দেখে বলতেন ঃ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ بِنِعْمَتِهِ تَتِمُّ الصَّالِحَاتُ.

www.pathagar.com

(আল্‌হামদু লিল্লাহিল্লাযী বিনি'মাতিহী তাতিম্মুস সালিহাত)।

"আল্লাহ্‌র জন্য সমস্ত প্রশংসা, যাঁর নেয়ামতের কল্যাণে সৎকাজ সুসম্পন্ন হয়"। তিনি কোনো ক্ষতিকরসমূহ ব্যাপার দেখে বলতেন ঃ

اَلْحَمْدُ لِلّٰهِ عَلٰى كُلِّ حَالٍ.

"সকল অবস্থায় সমুদয় প্রশংসা আল্লাহর জন্য" (ইবনুস সুন্নী, হাকেম)।

৯৫. নবী (সা)-এর উপর দরূদ পাঠের ফযীলত

দরূদ পাঠের গুরুত্ব সম্পর্কে আল্লাহ তায়ালা বলেন ঃ

www.pathagar.com

إِنَّ اللّٰهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ ط يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا.

(২১৪) "নিশ্চয়ই আল্লাহ নবীর প্রতি অনুগ্রহ করেন এবং তাঁর ফেরেশতাগণও তার জন্য অনুগ্রহ প্রার্থনা করে। হে ঈমানদারগণ! তোমরাও নবীর জন্য অনুগ্রহ প্রার্থনা করো এবং তাকে যথাযথভাবে সালাম জানাও" (সূরা আহ্যাব : ৫৬)।

مَنْ صَلّٰى عَلَيَّ وَاحِدَةً صَلَّى اللّٰهُ عَلَيْهِ عَشْرًا.

www.pathagar.com

(২১৫) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি আমার উপর একবার দরূদ পাঠ করবে, তার বিনিময়ে আল্লাহ্ তার উপর দশবার রহমত বর্ষণ করবেন (মুসলিম-১/২৮৮)।

لاَ تَتَّخِذُوْا قَبْرِىْ عِيْدًا وَصَلُّوْا عَلَىَّ فَاِنَّ صَلاَتَكُمْ تَبْلَغُنِىْ حَيْثُ كُنْتُمْ.

(২১৬) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ তোমরা আমার কবরকে পূজনীয় মূর্তিতে পরিণত করো না। তোমরা আমার উপর দরূদ পাঠ করো। কেনোনা তোমাদের দরূদ আমার কাছে পৌঁছে যায় তোমরা

www.pathagar.com

যেখানেই থাকো না কেনো" (আবু দাউদ-২২১৮, আহমাদ-২/৩৬৭)।

اَلْبَخِيْلُ الَّذِىْ ذُكِرَتْ عِنْدُ فَلَمْ يُصَلِّ عَلَىَّ.

(২১৭) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যার সামনে আমার নাম উল্লেখ করা হলো এবং সে আমার উপর দরূদ পড়লো না সে বড়োই কৃপণ (তিরমিযী, ৫/৫৫১)।

اِنَّ لِلّٰهِ مَلَائِكَةً سَيَّاحِيْنَ فِى الْاَرْضِ يُبَلِّغُوْنَ مِنْ اُمَّتِى السَّلَامَ.

(২১৮) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ পৃথিবীতে আল্লাহ

www.pathagar.com

পাকের একদল ভ্রাম্যমাণ ফেরেশতা রয়েছে যারা উম্মতের পক্ষ থেকে প্রেরিত সালাম আমার কাছে পৌঁছিয়ে দেয়” (নাসাঈ, হাকেম)।

مَا مِنْ اَحَدٍ يُسَلِّمُ اِلاَّ رَدَّ اللّٰهُ عَلَىَّ رُوْحِىْ حَتّٰى اَرُدَّ عَلَيْهِ السَّلاَمَ.

(২১৯) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যখন কোনো ব্যক্তি আমাকে সালাম দেয় তখন আল্লাহ আমার রূহ ফিরিয়ে দেন, যাতে আমি সালামের জবাব দিতে পারি” (আবু দাউদ-২০৪১)।

৯৬. সালামের প্রসার

(২২০) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লাম বলেন ঃ তোমরা ঈমানদার না হওয়া পর্যন্ত জান্নাতে প্রবেশ করতে পারবে না। আর তোমরা পরস্পরকে না ভালোবাসা পর্যন্ত মুমিন হতে পারবে না। আমি কি তোমাদের এমন কিছু শিখিয়ে দিবো না যা করলে তোমরা পরস্পরকে ভালোবাসবে? (তা হলো) তোমরা নিজেদের মধ্যে সালামের ব্যাপক প্রসার ঘটাও (মুসলিম-১/৭৪)।

(২২১) আম্মার ইবনে ইয়াসির (রা) বলেন, যার মধ্যে তিনটি গুণ আছে তার মাঝে ঈমানের সব স্তরই আছে ঃ (১) ন্যায়বিচার, (২) ছোট-বড়ো সকলকে সালাম দেয়া (৩) অল্প সম্পদ থাকা সত্ত্বেও সৎকাজে ও

www.pathagar.com

অভাবগ্রস্তদের জন্য ব্যয় করা (বুখারী ফাতহুল বারী-১/৮২, মুআল্লাক)।

(২২২) 'আবদুল্লাহ ইবনে উমার (রা) থেকে বর্ণিত। এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলো, ইসলামের কোন কাজটি শ্রেষ্ঠ? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ মানুষকে তোমার আহার করানো এবং তোমার পরিচিত-অপরিচিত সকলকে সালাম দেয়া (বুখারী-ফাতহুল বারী-১/৫৫, মুসলিম-১/৬৫)।

৯৭. যাকে তুমি গালি দিয়েছো তার জন্য দু'আ করো

www.pathagar.com

قَالَ النَّبِىُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَللّٰهُمَّ فَاَيُّمَا مُؤْمِنٍ سَبَبْتُهُ فَاجْعَلْ ذٰلِكَ لَهُ قُرْبَةً إِلَيْكَ يَوْمَ الْقِيَامَةِ.

(আল্লাহুম্মা ফাআইয়্যুমা মু'মিনিন্ সাবাবতুহু ফাজ্'আল যালিকা লাহু কুরবাতান ইলাইকা ইয়াওমাল কিয়ামাতি)।

(২২৩) মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "হে আল্লাহ! কোনো মুমিনকে আমি গালি দিয়ে থাকলে তা তার জন্য কিয়ামতের দিন তোমার নৈকট্য লাভের উপায় (উসীলা) করে দাও" (বুখারী-ফাতহুল বারী-(১১/১৭১, মুসলিম-৪-২২০০৭)।

www.pathagar.com

৯৮. হজ্জ ও উমরার তালবিয়াহ

لَبَّيْكَ اَللّٰهُمَّ لَبَّيْكَ لاَ شَرِيْكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لاَشَرِيْكَ لَكَ.

(লাব্বাইকা আল্লাহুম্মা লাব্বাইকা লা শারীকা লাকা লাব্বাইক। ইন্নাল-হাম্‌দা ওয়ান-নি‘মাতা লাকা ওয়াল মুল্‌ক। লা শারীকা লাকা)।

(২২৪) “হে আল্লাহ! আমি তোমার দরবারে হাযির, আমি তোমার দরবারে উপস্থিত, তোমার কোনো অংশীদার নেই, তোমার দরবারে উপস্থিত হয়েছি। সকল

www.pathagar.com

প্রশংসা ও নেয়ামত এবং রাজত্ব তোমার। তোমার কোনো অংশীদার নেই" (বুখারী-৩/৪০৮, মুসলিম-২/৮৪১)।

৯৯. হাজরে আসওয়াদের সামনে তাকবীর বলা

(২২৫) মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উটের উপর আরোহণ করে কা'বা ঘর তাওয়াফ করলে, যখন তিনি হাজরে আসওয়াদের কাছে পৌঁছতেন তখন সেদিকে কোনো কিছু দ্বারা ইশারা করতেন এবং 'আল্লাহু আকবার' বলতেন" (বুখারী-ফাতহুল বারী-৩/৪৭৬)।

(২২৬) 'নবী সাল্লাল্লাহু আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লাম হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানীর মধ্যবর্তী স্থানে এই দু'আ পড়তেন ঃ

رَبَّنَا اٰتِنَا فِى الدُّنْيَا حَسَنَةً وَّفِى الْاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ.

(রব্বানা আতিনা ফিদ্‌দুন্‌য়া হাসানাতাও ওয়াফিল আখিরাতি হাসানাতাও ওয়াকিনা 'আযাবান্‌ নার)।

(২২৭) "হে আমাদের প্রভু! তুমি আমাদেরকে দুনিয়া ও আখেরাতের কল্যাণ দান করো এবং আমাদেরকে দোযখের শাস্তি থেকে রক্ষা করো" (আবু দাঊদ-২/১৭৯, আহমাদ-৩/৪১১)।

www.pathagar.com

১০০. সাফা ও মারওয়ায় দাঁড়িয়ে যা পড়বে

জাবের (রা) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাফা পর্বতের নিকটবর্তী হয়ে এই আয়াত পড়তেন ঃ

إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللّٰهِ.

(ইন্নাসসাফা ওয়াল-মারওয়াতা মিন শা'আইরিল্লাহ)।

(২২৮) "নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত" (সূরা বাকারা : ১৫৮)।

তিনি আরো বলেন, আল্লাহ যেখান থেকে শুরু করেছেন আমিও সেখান থেকে শুরু

www.pathagar.com

করবো। অতএব তিনি সাফা পর্বতে আরোহণ করে কা'বা শরীফ দেখে কিবলামুখী হন, তারপর আল্লাহর একত্ব (লা ইলাহা ইল্লাল্লাহু) বর্ণনা করেন এবং তাকবীর (আল্লাহু আকবার) বলেন, অতঃপর এই দু'আ পড়েন ঃ

لاَ إِلٰهَ إِلاَّ اللّٰهُ وَحْدَهُ لاَشَرِيْكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ. لاَ إِلٰهَ إِلاَّ اللّٰهُ وَحْدَهُ أَنْجَزَ وَعْدَهُ وَنَصَرَ عَبْدَهُ وَهَزَمَ الْاَحْزَابَ وَحْدَهُ.

(লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকা

www.pathagar.com

লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হাম্‌দু ওয়া হুয়া আলা কুল্লি শায়ইন কদীর। লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু আনজাযা ওয়া'দাহু ওয়ানাসারা 'আব্‌দাহু ওয়া হাযামাল-আহ্‌যাবা ওয়াহ্‌দাহু)।

(২২৯) "আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, রাজত্ব তাঁরই এবং প্রশংসাও তাঁর। তিনি সকল কিছুর উপর সর্বময় শক্তির অধিকারী। আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি এক, তিনি তাঁর ওয়াদা পূর্ণ করেছেন, তাঁর বান্দাহকে সাহায্য করেছেন এবং তিনি একাই শত্রুবাহিনীকে পরাভূত করেছেন।"

www.pathagar.com

এভাবে তিনি এর মধ্যবর্তী স্থানেও দু'আ করতে থাকেন। এই দু'আ তিনবার পাঠ করেন। হাদীসে আরো আছে, তিনি মারওয়াতেও অনুরূপ করতেন যেভাবে সাফা পর্বতে করেছেন (মুসলিম-২/৮৮৮)।

১০১. আরাফাতের দু'আ

নবীজি (সা) বলেন, শ্রেষ্ঠ দু'আ হচ্ছে আরাফাত দিবসের দু'আ। আমি এবং আমার পূর্ববর্তী নবীগণ (আ) কর্তৃক উচ্চারিত শ্রেষ্ঠতম দু'আ হচ্ছে ঃ

لاَ إِلٰهَ إِلاَّ اللّٰهُ وَحْدَهُ لاَشَرِيْكَ لَهُ. لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ.

www.pathagar.com

(লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকা লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুওয়া 'আলা কুল্লি শায়ইন কাদীর)।

(২৩০) "আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই, সমগ্র রাজত্ব ও প্রশংসা তাঁর। তিনি সমস্ত জিনিসের উপর সর্বময় শক্তির অধিকারী" (তিরমিযী-৩/১৮৪)।

১০২. মুজদালিফায় পাঠ করার দু'আ

(২৩১) জাবের (রা) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'কাসওয়া' নামক উষ্ট্রীতে আরোহণ করে মুজদালিফায় আসেন। তিনি কিবলামুখী হয়ে দু'আ করেন

www.pathagar.com

এবং তাকবীর বলেন, লা ইলাহা ইল্লাল্লাহ পাঠ করেন এবং তাঁর একত্ব বর্ণনা করেন। তারপর তিনি পূর্ণ ফর্সা না হওয়া পর্যন্ত সেখানেই অবস্থান করেন। অতঃপর সূর্য উদিত হওয়ার পূর্বেই তিনি মুজদালিফা ত্যাগ করেন" (মুসলিম-২/৮৯১)।

১০৩. প্রতিটি জামরায় কংকর নিক্ষেপকালে তাকবীর বলা

(২৩২) জামরাগুলোতে প্রতিটি কংকর মারার সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আল্লাহু আকবার' বলতেন, অতঃপর কিছুটা অগ্রসর হয়ে কিবলামুখী হয়ে দাঁড়াতেন এবং প্রথম জামরা ও দ্বিতীয়

www.pathagar.com

জামরায় দুই হাত উঁচু করে দু'আ করতেন। আবার তৃতীয় জামরায় প্রতিটি কংকর মারার সময় 'আল্লাহু আকবার' বলতেন এবং সেখানে অবস্থান না করে ফিরে আসতেন (বুখারী-ফাতহুল বারী-৩/৫৮৩, ৩/৫৮৪, মুসলিম)।

১০৪. আশ্চর্যজনক ও আনন্দজনক কিছু দেখে যা বলবে

سُبْحَانَ اللّٰهِ.

(২৩৩) 'সুবহানাল্লাহ' (বুখারী-ফাতহুল বারী ১/২১০, ২৯০, ৪১৪, মুসলিম-৪/১৮৫৭)।

اَللّٰهُ اَكْبَرُ.

www.pathagar.com

(২৩৪) 'আল্লাহু আকবার' (বুখারী-ফাতহুল বারী-৮/৪৪১), তিরমিযী-২/১০৩, ২/২৩৫, আহমাদ-৫/২১৮)।

১০৫. আনন্দদায়ক কোন সংবাদ আসলে যা বলবে

(২৩৫) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো আনন্দদায়ক সংবাদ শুনে বরকতময় আল্লাহ তা'আলার শুকরিয়া আদায়স্বরূপ সিজদায় পড়ে যেতেন (আবু দাউদ, তিরমিযী, ইবনে মাজা-১/২৩৩)।

১০৬. শরীরে ব্যথা অনুভব করলে বলবে

(২৩৬) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ তোমার দেহের যে

www.pathagar.com

স্থানে তুমি ব্যথা অনুভব করো সেখানে তোমার হাত রেখে মলো এবং সাতবার বলো ঃ

بِسْمِ اللّٰهِ أَعُوْذُ بِعِزَّةِ اللّٰهِ وَقُدْرَتِهٖ مِنْ شَرِّ مَا أَجِدُ مِنْ وَّجَعِىْ هٰذَا.

(বিসমিল্লাহি আ'উযু বিইয্‌যাতিল্লাহি ওয়া কুদরাতিহী মিন শাররি মা আজিদু মিন ওয়াজা'ঈ হাযা)।

(২৩৭) "আল্লাহ্‌র নামে। এই যে ব্যথা আমি অনুভব করছি এবং যার আমি আশঙ্কা করছি তা থেকে আমি আল্লাহর মর্যাদা এবং কুদরতের মাধ্যমে আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি" (মুসলিম-৪/১৭২৮, তিরমিযী)।

www.pathagar.com

১০৭. ভীত-সন্ত্রস্ত অবস্থায় যা বলবে

لَآ إِلٰهَ إِلاَّ اللّٰهُ.

(২৩৮) 'লা ইলাহা ইল্লাল্লাহ' (বুখারী-ফাতহুল বারী-৬১৮১, মুসলিম-৪/২২০৮)।

১০৮. কুরবানী করার সময় বলবে

بِسْمِ اللّٰهِ وَاللّٰهُ أَكْبَرُ اَللّٰهُمَّ مِنْكَ وَلَكَ اَللّٰهُمَّ تَقَبَّلْ مِنِّىْ.

(বিস্মিল্লাহি ওয়াল্লাহু আকবার আল্লাহুম্মা মিনকা ওয়ালাকা আল্লাহুম্মা তাকাব্বাল মিন্নী)।

(২৩৯) "আল্লাহর নামে কুরবানী করছি, আল্লাহ মহান। হে আল্লাহ! এ কুরবানী

www.pathagar.com

তোমার নিকট থেকে প্রাপ্ত এবং তোমার জন্যই। আল্লাহ! তুমি আমার তরফ থেকে তা কবুল করো” (মুসলিম-৩/১৫৯৫, বায়হাকী-৯২৮৭)।

১০৯. শয়তানের কুমন্ত্রণা অনুভব করলে যা বলবে

أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ الَّتِىْ لَايُجَاوِزُهُنَّ بَرٌّ وَّلَا فَاجِرٌ مِّنْ شَرِّ مَا خَلَقَ وَبَرَأَ وَذَرَأَ وَمِنْ شَرِّ مَا يَنْزِلُ مِنَ السَّمَآءِ وَمِنْ شَرِّ مَا يَعْرُجُ فِيْهَا وَمِنْ شَرِّ مَا ذَرَأَ فِى الْاَرْضِ وَمِنْ شَرِّ مَا

www.pathagar.com

يَخْـرُجُ مِنْهَـا وَمِنْ شَـرِّ فِـتَنِ اللَّيْلِ وَالنَّهَـارِ وَمِنْ شَـرِّ كُلِّ طَارِقٍ إِلاَّ طَارِقًا يَطْرُقُ بِخَيْرٍ يَا رَحْمٰنُ.

(আ'উযু বিকালিমাতিল্লাহিত্-তাম্মাতিল্লাতী লা ইয়ুজাবিযুহুন্না বাররুন ওয়ালা ফাজিরুম মিন শাররি মা খালাকা ওয়া বারাআ ওয়া যারাআ ওয়ামিন শাররি মা ইয়ানযিলু মিনাস্ সামাই ওয়ামিন শাররি মা ইয়া'রুজু ফীহা। ওয়ামিন শাররি মা যারাআ ফিল্ আরদি ওয়ামিন শাররি মা ইয়াখ্রুজু মিন্হা ওয়ামিন শাররি ফিতানিল-লাইলি ওয়ান-নাহারি ওয়ামিন শাররি কুল্লি

www.pathagar.com

তারিকিন ইল্লা তারিকান ইয়াতরুকু বিখাইরিন ইয়া রহ্‌মানু)।

(২৪০) "আমি আল্লাহর সকল পরিপূর্ণ বাণীর সাহায্যে আশ্রয় চাই যা কোনো সৎলোক বা অসৎলোক অতিক্রম করতে পারে না, ঐ সকল বস্তুর অনিষ্ট থেকে যা আল্লাহ সৃষ্টি করেছেন, যা আকাশ থেকে নেমে আসে এবং যা আকাশে উঠে আর যা পৃথিবীতে সৃষ্টি করেছেন, পৃথিবী থেকে বেরিয়ে আসে এবং দিন-রাতের অনিষ্ট থেকে আশ্রয় চাই, আর প্রত্যেক আগন্তুকের অনিষ্ট থেকে আশ্রয় চাই, তবে কল্যাণের পথিক ছাড়া হে দয়াময়" (আহমাদ-৩/৪১৯, ইবনুস সুন্নী)।

www.pathagar.com

১১০. ক্ষমা প্রার্থনা ও তওবা করা

ক্ষমা প্রার্থনা (ইসতিগফার) ও অনুতাপ-অনুশোচনা (তওবা) প্রকাশ করা ঈমানদার ব্যক্তির অন্যতম বৈশিষ্ট্য। ক্ষমা প্রার্থনার যেমন পরকালীন উপকার আছে তেমনি ইহকালের উপকারও আছে। মহান আল্লাহ্ বলেন ঃ

وَاَنِ اسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْا اِلَيْهِ يُمَتِّعْكُمْ مَّتَاعًا حَسَنًا اِلٰى اَجَلٍ مُّسَمًّى.

(২৪১) "আরো এই যে, তোমরা তোমাদের প্রভুর নিকট ক্ষমা প্রার্থনা করো এবং তাঁর

www.pathagar.com

কাছে অনুতপ্ত হও। তিনি একটি নির্দিষ্ট কাল পর্যন্ত তোমাদেরকে উত্তম জীবনোপকরণ দান করবেন" (সূরা হূদ : ৩)।

রাসূলুল্লাহ (সা) বলেন,

اَلتَّائِبُ مِنَ الذَّنْبِ كَمَنْ لاَّ ذَنْبَ لَهُ.

(২৪২) "গুনাহ থেকে তওবাকারীর দৃষ্টান্ত এমন যার কোনো গুনাহ নেই"।

(২৪৩) "রাসূলুল্লাহ (সা) দৈনিক ৭০-এর অধিকবার" (বুখারী), অপর হাদীস মতে ১০০ বার ক্ষমা প্রার্থনা ও তওবা করতেন" (মুসলিম)।

রাসূলুল্লাহ (সা) বলেন, যে ব্যক্তি সদা-সর্বদা

www.pathagar.com

ক্ষমা প্রার্থনা করতে থাকে সে দৈনিক ৭০ বার গুনাহ্ করলেও বারবার গুনাহ্কারীদের অন্তর্ভুক্ত নয়” (আবু দাঊদ)।

‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি পড়বে

أَسْتَغْفِرُ اللّٰهَ الْعَظِيْمَ الَّذِىْ لاَ إِلٰهَ إِلاَّ هُوَ الْحَىُّ الْقَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ.

(আস্তাগ্ফিরুল্লাহাল-‘আযীমাল্লাযী লা ইলাহা ইল্লা হুওয়াল হাইয়্যুল কায়্যূমু ওয়া আতূবু ইলাইহি)।

(২৪৪) “আমি মহামহিম আল্লাহর নিকট ক্ষমা চাই, যিনি ছাড়া আর কোনো ইলাহ

www.pathagar.com

নেই। তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী আমি তাঁরই নিকট তওবা করছি"।

আল্লাহ তাকে মাফ করে দিবেন যদিও সে যুদ্ধক্ষেত্র থেকে পলায়নকারী হয়" (আবু দাউদ-২/৮৫, তিরমিযী-৪/৬৯)।

১১১. তাসবীহ, তাহমীদ, তাকবীর ও তাহলীল-এর ফযীলত

(২৪৫) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যে ব্যক্তি দৈনিক এক শত বার–

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهِ.

'সুব্হানাল্লাহি ওয়াবিহাম্দিহী' পাঠ করে

www.pathagar.com

তার পাপসমূহ মুছে ফেলা হয়, যদিও তা সাগরের ফেনারাশির সমান হয়ে থাকে (বুখারী-৭/১৬৮, মুসলিম-৪/২০৭১)।

(২৪৬) আবু হুরায়রা (রা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন ঃ দু'টি কলেমা এমন যা যবানে উচ্চারণ করা সহজ, (কিয়ামত দিবসে) ওজনে ভারী এবং করুণাময় আল্লাহর নিকট অতি প্রিয় ঃ"

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهِ سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ.

(সুব্হানাল্লহি ওয়া বিহামদিহী সুব্হানাল্লাহিল 'আযীম)।

www.pathagar.com

(২৪৭) "আল্লাহর প্রশংসাসহকারে তাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করছি। আল্লাহ মহান" (বুখারী-৭/১৬৮, মুসলিম-৪/০২৭২)।

(২৪৮) সা'দ (রা) বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট বসা ছিলাম এমতাবস্থায় তিনি জিজ্ঞেস করলেন, তোমাদের কেউ কি এক দিনে এক হাজার সওয়াব অর্জন করতে পারে না? তাঁর সাহাবীদের মধ্যে একজন জিজ্ঞেস করলেন, কোনো ব্যক্তি কি করে (এক দিনে) এক হাজার সওয়াব অর্জন করতে পারে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন ঃ যে ব্যক্তি এক শতবার

www.pathagar.com

'সুবহানাল্লাহ' বলবে তার জন্য এক হাজার সওয়াব লেখা হবে এবং তার এক হাজার পাপ মুছে ফেলা হবে" (মুসলিম-৪/২০৭৩)।

(২৪৯) জাবের (রা) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ যে ব্যক্তি বলবে

سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ وَبِحَمْدِهٖ.

(সুব্‌হানাল্লাহিল 'আযীমি ওয়াবিহাম্‌দিহী)

"মহান আল্লাহ পাকের পবিত্রতা বর্ণনা করছি এবং তাঁর প্রশংসাও করছি"– তার জন্য জান্নাতে একটি গাছ লাগানো হবে (তিরমিযী-৫/১১, হাকেম-১/৫০১)।

www.pathagar.com

(২৫০) আবদুল্লাহ ইবনে কায়েস (রা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন ঃ হে আবদুল্লাহ ইবনে কায়েস! আমি কি বেহেশতের এক (বিশেষ) রত্নভাণ্ডার সম্পর্কে তোমাকে অবহিত করবো না? আমি বললাম, নিশ্চয়ই। আল্লাহ রাসূল (সা) বলেন, তুমি বলো ঃ

لاَحَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللّٰهِ.

(লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ্)

"অসৎ কাজ থেকে বেঁচে থাকার এবং সৎ কাজ করার কারো ক্ষমতা নেই আল্লাহর সাহায্য ছাড়া" (বুখারী-ফাতহুল বারী-১১/২১৩, মুসলিম-৪/২০৭৬)।

www.pathagar.com

(২৫১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : আল্লাহর নিকট সর্বাধিক প্রিয় কালাম চারটি, তার যে কোনোটি দিয়েই তুমি শুরু করো তাতে তোমার ক্ষতি নেই। তা হলো :

سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلاَ إِلٰهَ إِلاَّ اللّٰهُ وَاللّٰهُ أَكْبَرُ.

(সুব্‌হানাল্লাহি ওয়ালহাম্‌দু লিল্লাহি ওয়ালা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আক্‌বার)।

"আল্লাহর পবিত্রতা ও মহত্ত্ব বর্ণনা করছি। সর্ববিধ প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ নেই। আল্লাহ মহান" (মুসলিম-৩/১৬৮৫)।

www.pathagar.com

(২৫২) তারেক আল-আশযা'ঈ (রা) বলেন, কোনো লোক ইসলাম গ্রহণ করলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে প্রথমে নামায শিক্ষা দিতেন। অতঃপর এসব কথা দিয়ে দু'আ করার আদেশ দিতেন ঃ

اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ وَارْحَمْنِيْ وَاهْدِنِيْ وَعَافِنِيْ وَارْزُقْنِيْ.

(আল্লাহুম্মাগফির লী ওয়ারহামনী ওয়াহ্দিনী ওয়া 'আফিনী ওয়ারযুকনী)।

"হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা করো, আমাকে দয়া করো, আমাকে তুমি সরল

www.pathagar.com

পথে পরিচালিত করো, আমাদের নিরাপদ রাখো এবং আমাকে রিযিক দান করো"। এসব বাণী পড়লে তোমার দুনিয়া ও আখেরাত উভয়ই হাসিল হবে (মুসলিম)।

(২৫৩) জাবের ইবনে আবদুল্লাহ (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন ঃ সর্বশ্রেষ্ঠ দু'আ 'আল্‌হামদু লিল্লাহ' এবং সর্বোত্তম যিকির 'লা ইলাহা ইল্লাল্লাহু' (তিরমিযী-৫/৪৬২, ইবনে মাজা-২/১২৪৯)।

১১২. নবী (সা)-এর তাসবীহ পাঠ

(২৫৪) 'আবদুল্লাহ ইবনে আমর (রা) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি

www.pathagar.com

ওয়াসাল্লামকে তাঁর ডান হাতের আঙ্গুলে তাসবীহ গণনা করতে দেখেছি (আবু দাউদ-২/৮১, তিরমিযী-৫/৫২১)।

صَلَّى اللّٰـهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلٰى نَبِـيِّنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِهٖ وَأَصْحَابِهٖ أَجْمَعِيْنَ.

(সাল্লাল্লাহু ওয়াসাল্লাম ওয়াবারকা 'আলা নাবিয়্যিনা মুহাম্মাদিন ওয়া 'আলা আলিহী ওয়া আসহাবিহী আজ্‌মাঈন)।

"দরূদ ও সালাম এবং বরকত আমাদের নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), তাঁর বংশধর ও সাহাবীগণের উপর বর্ষিত হোক। আমীন।

www.pathagar.com

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ بِنِعْمَتِهٖ تَتِمُّ الصّٰالِحَاتِ رَبَّنَا اغْفِرْلِىْ وَلِوَالِدَىَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ.

(আল্‌হাম্‌দু লিল্লাহিল্লাযী বিনি'মাতিহী তাতিম্মুস সালিহাত রব্বানাগ্‌ফির লী ওয়ালিওয়ালিদায়্যা ওয়ালিল-মু'মিনীনা ইয়াওমা ইয়াকূমুল হিসাব)।

(২৫৫) "সকল প্রশংসা আল্লাহ জন্য যাঁর নিয়ামতে যাবতীয় নেক কাজসমূহ সম্পাদিত হয়। হে আল্লাহ! আমাকে, আমার পিতা-মাতাকে এবং সকল মুমিনকে হিসাবের দিন ক্ষমা করে দিও"।

www.pathagar.com

১১৩. আদম (আ) ও হাওয়া (আ)-র দু'আ

যে দু'আ পড়ে হযরত আদম (আ) ও হাওয়া (আ) আল্লাহ তা'আলার কাছে ক্ষমা প্রার্থনা করেন এবং তিনি তাদেরকে ক্ষমা করে দেন–

رَبَّنَا ظَلَمْنَا اَنْفُسَنَا وَاِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ.

(২৫৬) "হে আমাদের প্রভু! আমরা নিজেদের প্রতি যুলুম করেছি। যদি তুমি আমাদের ক্ষমা না করো এবং দয়া না করো তাহলে আমরা অবশ্যই ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবো" (সূরা আল-আ'রাফ : ২৩)।

www.pathagar.com

১১৪. পার্থিব উন্নতি ও পরকালীন মুক্তির দু'আ

رَبَّنَا اٰتِنَا فِى الدُّنْيَا حَسَنَةً وَّفِى الْاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ.

(২৫৭) "হে আমাদের প্রভু! আমাদেরকে পৃথিবীতে কল্যাণ দান করো, আখেরাতেও কল্যাণ দান করো এবং আমাদেরকে দোযখের আগুন থেকে রক্ষা করো" (সূরা আল-বাকারা : ২০১)।

১১৫. ইবরাহীম (আ)-এর দু'আ

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ.

www.pathagar.com

(২৫৮) "হে আমাদের প্রভু! আমাদের পক্ষ থেকে তুমি কবুল করো। নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা, মহাজ্ঞানী" (সূরা বাকারা : ১২৭)।

رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءِ. رَبَّنَا اغْفِرْلِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ.

(২৫৯) "হে আমার প্রভু! আমাকে নামায কায়েমকারী বানাও এবং আমার বংশধর থেকেও। হে আমাদের প্রভু! আমার আবেদন কবুল করো। হে আমাদের প্রভু! যেদিন হিসাব-নিকাশ অনুষ্ঠিত হবে সেদিন

www.pathagar.com

আমাকে আমার মাতা-পিতাকে এবং সকল ঈমানদার ব্যক্তিকে ক্ষমা করে দিও" (সূরা ইবরাহীম : ৪০-৪১)।

১১৬. ভুল-ত্রুটি ও বিপদমুক্ত থাকার দু'আ

رَبَّنَا لاَتُؤَاخِذْنَا اِنْ نَسِيْنَا اَوْ اَخْطَأْنَا ج رَبَّنَا وَلاَ تَحْمِلْ عَلَيْنَا اِصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ج رَبَّنَا وَلاَ تُحَمِّلْنَا مَا لاَ طَاقَةَ لَنَا بِهِ ج وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا اَنْتَ مَوْلٰنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ.

www.pathagar.com

(২৬০) "হে আমাদের প্রভু! আমরা যদি ভুলে যাই অথবা ভুল করি তবে তুমি আমাদের গ্রেপ্তার করো না। হে আমাদের প্রভু! তুমি আমাদের আগেকার লোকদের উপর যেমন গুরুভার অর্পণ করেছিলে সেরকম গুরুভার আমাদের উপর অর্পণ করো না। হে আমাদের প্রভু! এমন দায়িত্বভার আমাদের উপর অর্পণ করো না যা বহন করার সামর্থ্য আমাদের নেই। তুমি আমাদের পাপ মুছে ফেলো, আমাদের মাফ করে দাও, আমাদের প্রতি দয়া করো, তুমিই আমাদের অভিভাবক। অতএব তুমি আমাদেরকে কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে সাহায্য করো" (সূরা আল-বাকারা : ২৮৬)।

www.pathagar.com

১১৭. বিপদে ধৈর্যধারণের দু'আ

رَبَّنَا اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ.

(২৬১) "হে আমাদের প্রভু! আমাদেরকে ধৈর্য দান করো, আমাদের পদক্ষেপসমূহ অবিচল রাখো এবং কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করো" (সূরা আল-বাকারা : ২৫০)।

رَبَّنَا اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّتَوَفَّنَا مُسْلِمِيْنَ.

(২৬২) "হে আমাদের প্রভু! আমাদের ধৈর্য

www.pathagar.com

দান করো এবং মুসলমান থাকা অবস্থায় আমাদের মৃত্যু দান করো" (সূরা আল-আ'রাফ : ১২৬)।

১১৮. অত্যাচারী যালেমদের সহযোগী না হওয়ার দু'আ

رَبَّنَا لَاتَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ.

(২৬৩) "হে আমাদের প্রভু! আমাদেরকে অত্যাচারী যালেমদের সহযোগী বানিও না" (আল-আ'রাফ : ৪৭)।

رَبِّ فَلَا تَجْعَلْنِيْ فِى الْقَوْمِ الظّٰلِمِيْنَ.

(২৬৪) "হে প্রভু! তুমি আমাকে অত্যাচারী যালেম গোষ্ঠীর অন্তর্ভুক্ত করো না" (সূরা আল-মু'মিনূন : ৯৪)।

www.pathagar.com

১১৯. হযরত ইউনুস (আ)-এর দু'আ

لَا إِلٰهَ إِلَّا أَنْتَ سُبْحٰنَكَ إِنِّي كُنْتُ مِنَ الظّٰلِمِينَ.

(২৬৫) (হে আল্লাহ!) "তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই, তুমি পবিত্র, মহান। নিশ্চয়ই আমি সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত" (সূরা আল-আম্বিয়া : ৮৭)।

১২০. শয়তানের কুমন্ত্রণা থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা

رَبِّ أَعُوذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيٰطِينِ. وَأَعُوذُ بِكَ رَبِّ أَنْ يَحْضُرُونِ.

www.pathagar.com

(২৬৬) "হে আমার প্রভু! আমি শয়তানের কুমন্ত্রণা থেকে তোমার আশ্রয় প্রার্থনা করি। হে আমার রব! আমার কাছে সেগুলোর উপস্থিত হওয়া থেকেও তোমার কাছে আশ্রয় চাই" (সূরা আল-মু'মিনূন : ৯৭-৯৮)।

১২১. ঈমানের উপর অবিচল থাকার দু'আ

رَبَّنَا لاَ تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ج اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ.

(২৬৭) "হে আমাদের রব! তুমি আমাদেরকে সৎপথে পরিচালিত করার পর আমাদের অন্তরগুলোকে বিপথগামী করো

www.pathagar.com

না এবং তোমার নিকট থেকে আমাদেরকে রহমত দান করো। নিশ্চয়ই তুমি সীমাহীন দানকারী" (সূরা আলে ইমরান : ৮)।

১২২. ঈমানদারদের জন্য ক্ষমা ও বিদ্বেষমুক্ত অন্তর কামনা করা

رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِاِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلَا تَجْعَلْ فِىْ قُلُوْبِنَا غِلًّا لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَا اِنَّكَ رَؤُوْفٌ رَّحِيْمٌ.

(২৬৮) "হে আমাদের প্রভু! আমাদেরকে এবং আমাদের আগে যারা ঈমান এনেছে

www.pathagar.com

তাদেরকে মাফ করে দাও এবং যারা ঈমান এনেছে তাদের প্রতি আমাদের অন্তরে হিংসা-বিদ্বেষ রেখো না" (সূরা আল-হাশর : ১০)।

১২৩. কোনো বিষয়ে বাড়াবাড়ি হয়ে গেলে ক্ষমা প্রার্থনা করা

رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَاِسْرَافَنَا فِيْ اَمْرِنَا وَثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ.

(২৬৯) "হে আমাদের রব! আমাদের গুনাহসমূহ এবং আমাদের কাজে-কর্মে সীমালঙ্ঘন ক্ষমা করে দাও, আমাদের

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

رَبِّ لَا تَذَرْنِي فَرْدًا وَّأَنْتَ خَيْرُ الْوٰرِثِيْنَ.

(২৭২) "হে আমার প্রভু! আমাকে নিঃসন্তান রেখো না। তুমিই তো শ্রেষ্ঠ উত্তরাধিকারী" (সূরা আল-আম্বিয়া : ৮৯)।

رَبِّ هَبْ لِيْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً اِنَّكَ سَمِيْعُ الدُّعَاءِ.

(২৭৩) "হে আমার প্রভু! তুমি আমাকে তোমার পক্ষ থেকে একটি পবিত্র সন্তান দান করো। নিশ্চয়ই তুমি প্রার্থনা শোনো" (সূরা আলে ইমরান : ৩৯)।

www.pathagar.com

১২৭. দয়াময়ের বান্দাদের উত্তম বংশধর কামনা করা

رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَذُرِّيّٰتِنَا قُرَّةَ اَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا.

(২৭৪) "হে আমাদের প্রভু! আমাদেরকে দৃষ্টিনন্দন স্ত্রী ও সন্তান দান করো এবং আমাদেরকে ধার্মিকদের নেতা বানাও" (সূরা আল-ফুরকান : ৭৪)।

১২৮. জ্ঞানবান বান্দাদের দু'আ

رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلاً ج سُبْحٰنَكَ فَقِنَا عَذَابَ النَّارِ. رَبَّنَا اِنَّكَ مَنْ تُدْخِلِ

www.pathagar.com

النَّارَ فَقَدْ اَخْزَيْتَهٗ ط وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ. رَبَّنَآ اِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُّنَادِيْ لِلْاِيْمَانِ اَنْ اٰمِنُوْا بِرَبِّكُمْ فَاٰمَنَّا ـ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّاٰتِنَا وَتَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ. رَبَّنَا وَاٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَاتُخْزِنَا يَوْمَ الْقِيٰمَةِ ط اِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ.

(২৭৫) "হে আমাদের রব! তুমি এগুলো (বিশ্বজগত) অযথা সৃষ্টি করোনি। তুমি পবিত্র মহান। অতএব তুমি আমাদেরকে

www.pathagar.com

দোযখের শাস্তি থেকে রেহাই দাও। হে আমাদের প্রভু! তুমি কাউকে দোযখে প্রবেশ করালে তাকে তো নিশ্চিতরূপেই লাঞ্ছিত করলে। অত্যাচারী যালেমদের জন্য কোনো সাহায্যকারী নেই। হে আমাদের প্রতিপালক! আমরা একজন আহ্বানকারীকে ঈমানের দিকে আহ্বান করতে শুনেছি 'তোমরা তোমাদের প্রতিপালকের উপর ঈমান আনো'। অতএব আমরা ঈমান এনেছি। হে আমাদের রব! তুমি আমাদের গুনাহ মাফ করো, আমাদের মন্দ কাজসমূহ মুছে ফেলো এবং ধার্মিক লোকদের সাথে আমাদের মৃত্যু ঘটাও। হে আমাদের প্রভু!

www.pathagar.com

তোমার রাসূলগণের মাধ্যমে তুমি আমাদেরকে যা দেয়ার ওয়াদা করেছো তা আমাদেরকে দান করো এবং কিয়ামতের দিন আমাদেরকে লাঞ্ছিত করো না। নিশ্চয়ই তুমি ওয়াদা ভঙ্গ করো না" (সূরা আলে ইমরান : ১৯১-১৯৪)।

১২৯. হযরত সুলায়মান (আ)-এর দু'আ

رَبِّ اَوْزِعْنِىْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِىْٓ اَنْعَمْتَ عَلَىَّ وَعَلٰى وَالِدَىَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَدْخِلْنِىْ بِرَحْمَتِكَ فِىْ عِبَادِكَ الصّٰلِحِيْنَ.

www.pathagar.com

(২৭৬) “হে আমার প্রভু! তুমি আমাকে ও আমার মাতা-পিতাকে যেসব নিয়ামত দান করেছো তোমার প্রতি তার শুকরিয়া আদায় করার এবং যাতে আমি তোমার পছন্দনীয় সৎকাজ করতে পারি তার সামর্থ্য আমাকে দান করো এবং তোমার দয়ায় আমাকে তোমার সৎকর্মপরায়ণ বান্দাদের অন্তর্ভুক্ত করো” (সূরা আন-নামল : ১৯)।

১৩০. কৃতজ্ঞ বান্দার আকুতি

رَبِّ اَوْزِعْنِىْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِىْٓ اَنْعَمْتَ عَلَىَّ وَعَلٰى وَالِدَىَّ وَاَنْ اَعْمَلَ صٰلِحًا تَرْضٰهُ وَاَصْلِحْ لِىْ فِىْ ذُرِّيَّتِىْ ج

www.pathagar.com

إِنِّىْ تُبْتُ إِلَيْكَ وَإِنِّىْ مِنَ الْمُسْلِمِيْنَ.

(২৭৭) "হে আমার প্রভু! তুমি আমাকে ও আমার মাতা-পিতাকে যেসব নিয়ামত দান করেছো তোমার প্রতি তার শুকরিয়া আদায় করার এবং তোমার পছন্দনীয় সৎকাজ করার সুযোগ দান করো এবং আমার স্বার্থে আমার সন্তানদের সৎকর্মপরায়ণ বানাও। নিশ্চয়ই আমি তোমার কাছে তওবা করছি এবং অবশ্যই আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত" (সূরা আল-আহ্‌কাফ : ১৫)।

রাসূলুল্লাহ (স) এই বলে দু'আ করতেন ঃ

اَللّٰهُمَّ إِنِّىْ أَعُوْذُ بِكَ مِنْ قَلْبٍ لاَ يَخْشَعُ

www.pathagar.com

وَمِنْ دُعَاءٍ لَايُسْمَعُ وَمِنْ نَفْسٍ لَاتَشْبَعُ وَمِنْ عِلْمٍ لَايَنْفَعُ. اَعُوْذُ بِكَ مِنْ هٰؤُلَاءِ الْاَرْبَعِ.

(আল্লাহুম্মা ইন্নী আ'ঊযু বিকা মিন কালবিন লা ইয়াখশা'উ ওয়া মিন দু'আইন লা ইউসমা'উ ওয়ামিন নাফসিন লা তাশবা'উ ওয়ামিন 'ইলমিন লা ইয়ানফা'উ। আ'ঊযু বিকা মিন হাউলাইল আরবাই')।

(২৭৮) "হে আল্লাহ! তোমার কাছে আশ্রয় চাই ভয়শূন্য অন্তর থেকে, এমন দু'আ থেকে যা কবুল হয় না, এমন প্রবৃত্তি থেকে যা তৃপ্ত হয় না এবং অনুপকারী জ্ঞান থেকে" (তিরমিযী, দাওয়াত, বাব ৬৮, নং ৩৪৮২)।

www.pathagar.com

১৩১. দু'আ কেন কবুল হয় না?

ইবরাহীম ইবনে আদহাম (র)

শাকীক আল-বালখী (র) বলেন, একদা ইবরাহীম ইবনে আদহাম (র) বসরার বাজারে ঘোরাফেরা করছিলেন। লোকজন তাঁর কাছে জড়ো হয়ে বললো, হে ইসহাকের পিতা! নিশ্চয়ই আল্লাহ তা'আলা তাঁর কিতাবে বলেছেন, "তোমরা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দিবো" (সূরা মু'মিন : ৬০)। আমরা তো বেশ কিছুকাল ধরে দু'আ করছি কিন্তু তার কোনো জবাব পাচ্ছি না। তিনি বলেন, হে বসরাবাসী! দশটি কারণে তোমাদের কলব

www.pathagar.com

(অন্তর) মরে গেছে। কি করে তোমাদের দু'আ কবুল হবে?

(এক) "তোমরা আল্লাহর পরিচয় লাভ করেছো, কিন্তু তাঁর দাবি পূরণ করছো না।

(দুই) তোমরা কুরআন পড়ো কিন্তু তদনুযায়ী কাজ করো না।

(তিন) তোমরা রাসূলুল্লাহ (সা)-এর প্রতি তোমাদের ভালোবাসার দাবিদার কিন্তু তাঁর আদর্শ ত্যাগ করেছো।

(চার) তোমরা শয়তানকে নিজেদের শত্রু বলে দাবি করো, অথচ তার অনুসরণ করো এবং তার জন্য ধন-সম্পদ ব্যয় করো।

(পাঁচ) তোমরা জান্নাতে যাবার দাবিদার, কিন্তু তার জন্য কোনো কাজ করো না।

www.pathagar.com

(ছয়) তোমরা দোযখ থেকে মুক্তি লাভের আকাঙ্ক্ষী, কিন্তু তোমরা নিজেরাই তাতে নিজেদের নিক্ষেপ করছো।

(সাত) তোমরা বলে থাকো মৃত্যু চিরসত্য, অথচ তার জন্য তোমাদের কোনো প্রস্তুতি নেই।

(আট) তোমরা অপরের দোষচর্চায় লিপ্ত থাকো, কিন্তু নিজেদের দোষ দেখো না।

(নয়) তোমরা তোমাদের প্রভুর অবারিত অনুগ্রহ ভোগ করছো, অথচ তাঁর শুকরিয়া আদায় করো না।

(দশ) তোমরা তোমাদের মৃতদের দাফন করো, কিন্তু তা থেকে শিক্ষা গ্রহণ করো না।"

সমাপ্ত

www.pathagar.com

পরিবেশনায়
আহসান পাবলিকেশন
কাটাবন বাংলাবাজার মগবাজার
www: ahsanpublication.com

www.pathagar.com